



জাতীয় রাজস্ব বোর্ড

করনীতি উইং

আয়কর পরিপত্র

২০২২-২০২৩



২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে
আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টিকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
করনীতি উইং

আয়কর পরিপত্র ২০২২-২০২৩

২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়করের
ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

সূচীপত্র

| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|------|--|--------|
| | ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ | ১ |
| ১. | ২০২২-২৩ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার | ১ |
| ২. | সারচার্জ | ৭ |
| ৩. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ সংশোধন | ৮ |
| ৪. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৬ সংশোধন | ১৩ |
| ৫. | The Offshore Indirect Transfer Rules, 2022 | ১৩ |
| ৬. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৯ সংশোধন | ১৪ |
| ৭. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৯AAAA এবং ধারা ১৯AAAAA বিলোপ | ১৫ |
| ৮. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা ১৯F সংযোজন | ১৫ |
| ৯. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা ১৯G সংযোজন | ১৮ |
| ১০. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২৯ সংশোধন | ২০ |
| ১১. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩০ সংশোধন | ২০ |
| ১২. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩২ সংশোধন | ২১ |
| ১৩. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৫ সংশোধন | ২২ |
| ১৪. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪২ সংশোধন | ২২ |
| ১৫. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪৪ সংশোধন | ২২ |
| ১৬. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪৯ সংশোধন | ২৪ |
| ১৭. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ সংশোধন | ২৪ |
| ১৮. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২AA সংশোধন | ২৬ |
| ১৯. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২Q সংশোধন | ২৯ |
| ২০. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩BB প্রতিস্থাপন | ২৯ |
| ২১. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩BBBB বিলোপ | ২৯ |
| ২২. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩F প্রতিস্থাপন | ২৯ |

| | | |
|-----|--|----|
| ২৩. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩HH প্রতিস্থাপন | ৩১ |
| ২৪. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩J সংশোধন | ৩১ |
| ২৫. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা ৫৩Q সন্নিবেশ | ৩২ |
| ২৬. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা ৫৩R সন্নিবেশ | ৩৩ |
| ২৭. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৬ সংশোধন | ৩৫ |
| ২৮. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৭ প্রতিস্থাপন | ৩৫ |
| ২৯. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৬৮B সংশোধন | ৩৯ |
| ৩০. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫ সংশোধন | ৩৯ |
| ৩১. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮০ সংশোধন | ৪০ |
| ৩২. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮২C সংশোধন | ৪০ |
| ৩৩. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮২D প্রতিস্থাপন | ৪১ |
| ৩৪. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৯৪ সংশোধন | ৪২ |
| ৩৫. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ ধারা ৯৪B সন্নিবেশ | ৪২ |
| ৩৬. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০০ সংশোধন | ৪২ |
| ৩৭. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ নূতন Chapter XIII A এবং ধারা ১১১A এর সংযোজন | ৪৩ |
| ৩৮. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১১৭A প্রতিস্থাপন | ৪৪ |
| ৩৯. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২৪ সংশোধন | ৪৬ |
| ৪০. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১২৪AA বিলোপ | ৪৬ |
| ৪১. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৪৩ সংশোধন | ৪৬ |
| ৪২. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৫২I সংশোধন | ৪৬ |
| ৪৩. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৮৪A প্রতিস্থাপন | ৪৭ |
| ৪৪. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৮৪C প্রতিস্থাপন | ৫৯ |
| ৪৫. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৮৫ সংশোধন | ৫৯ |
| ৪৬. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Second Schedule সংশোধন | ৫৯ |
| ৪৭. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Third Schedule সংশোধন | ৫৯ |
| ৪৮. | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Sixth Schedule সংশোধন | ৬০ |

পরিশিষ্ট

| | | পৃষ্ঠা |
|-------------|--|--------|
| পরিশিষ্ট ১ | অর্থ আইন, ২০২২ এর ধারা ৫৪ তে বর্ণিত তফসিল-২ | ৬৪ |
| পরিশিষ্ট ২ | এস. আর. ও. নং-১৫৬-আইন/আয়কর/২০২২ | ৭৫ |
| পরিশিষ্ট ৩ | এস. আর. ও. নং-১৫৫-আইন/আয়কর/২০২২ | ৯৮ |
| পরিশিষ্ট ৪ | এস. আর. ও. নং-১৫৮-আইন/আয়কর/২০২২ | ১০৮ |
| পরিশিষ্ট ৫ | এস. আর. ও. নং-১৫৭-আইন/আয়কর/২০২২ | ১১০ |
| পরিশিষ্ট ৬ | এস. আর. ও. নং-১৫৯-আইন/আয়কর/২০২২ | ১১১ |
| পরিশিষ্ট ৭ | এস. আর. ও. নং-১৬০-আইন/আয়কর/২০২২ | ১১২ |
| পরিশিষ্ট ০৮ | উৎসে কর কর্তন/ আদায় সংক্রান্ত অধিক্ষেত্র | ১১৩ |
| পরিশিষ্ট ০৯ | Major sources of income subject to deduction or collection of tax and advance payment of tax: Rates applicable for Financial Year 2022-2023 | ১২৫ |
| পরিশিষ্ট ১০ | Rate of deduction under section 52 | ১৪৮ |
| পরিশিষ্ট ১১ | Rate of deduction under section 52A | ১৫১ |
| পরিশিষ্ট ১২ | Rate of deduction from the payment of certain services under section 52AA | ১৫২ |
| পরিশিষ্ট ১৩ | Rate of deduction under section 52JJ | ১৫৫ |
| পরিশিষ্ট ১৪ | Rate of deduction under section 53E | ১৫৬ |
| পরিশিষ্ট ১৫ | Rate of deduction under section 53F | ১৫৮ |
| পরিশিষ্ট ১৬ | Rate of deduction under section 53FF | ১৬০ |
| পরিশিষ্ট ১৭ | Collection of Tax from motor vehicles plying commercially under section 53Q | ১৬৬ |
| পরিশিষ্ট ১৮ | Collection of tax from inland ships under section 53R | ১৬৯ |
| পরিশিষ্ট ১৯ | Rate of deduction from income of non-residents under section 56 | ১৬২ |
| পরিশিষ্ট ২০ | Tax Payment Codes | ১৬৬ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.২৪(অংশ-২).২২. তারিখ: ৩০ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

আয়কর পরিপত্র ২০২২-২০২৩

**বিষয়: ২০২২-২৩ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের
মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ।**

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ এবং এতদ্ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। অধিকন্তু, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় জারীকৃত বিভিন্ন এসআরও এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনয়নসহ বিভিন্ন করহার পুনঃনির্ধারণ করা হয়েছে। নূতন প্রবর্তিত ও সংশোধিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসমূহের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ এবং সংশ্লিষ্ট বিধি বিধানসমূহ করদাতাগণকে সহজভাবে অবহিতকরণের লক্ষ্যে আনীত সংযোজন/সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জনসমূহের উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ ব্যাখ্যা ও উদাহরণসহ উপস্থাপন করা হলো -

১। ২০২২-২৩ করবর্ষের জন্য প্রযোজ্য আয়করের হার

অর্থ আইন, ২০২২ এর তফসিল-২ এ ২০২২-২০২৩ করবর্ষের জন্য করহার নির্ধারণ করা হয়েছে।

১.১ স্বাভাবিক ব্যক্তি করদাতা, হিন্দু অবিভক্ত পরিবার ও অংশীদারী ফার্মের করহার

অর্থ আইন, ২০২২ এ বর্ণিত করহারের তফসিল-২ অনুযায়ী প্রত্যেক নিবাসী স্বাভাবিক ব্যক্তি করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু অবিভক্ত পরিবার ও অংশীদারী ফার্মের মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ:

| | মোট আয় | করহার |
|-----|---|-------|
| (১) | প্রথম ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য |
| (২) | পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ৫% |
| (৩) | পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% |
| (৪) | পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% |
| (৫) | পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% |
| (৬) | অবশিষ্ট মোট আয়ের উপর | ২৫% |

তবে, উল্লিখিত করহার করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসা হতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

তৃতীয় লিঙ্গের করদাতা, মহিলা করদাতা, ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা, প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) করদাতা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে করমুক্ত সীমা নিম্নরূপ:

১. তৃতীয় লিঙ্গের করদাতা, মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা: ৩,৫০,০০০ টাকা;
২. প্রতিবন্ধী ব্যক্তি করদাতা: ৪,৫০,০০০ টাকা;
৩. গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা: ৪,৭৫,০০০ টাকা।

কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক প্রতিবন্ধী সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০ টাকা বেশি হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এ সুবিধা পাবেন।

মোট আয়ের পরিমাণ করমুক্ত আয়সীমার অধিক হলে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ নিম্নরূপ:

| এলাকা | ন্যূনতম করের হার (টাকা) |
|---|-------------------------|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০ |

| | |
|---|-------|
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০ |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০ |

করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ ন্যূনতম আয়করের চেয়ে কম, শূন্য বা ঋণাত্মক হলেও তাকে প্রযোজ্য হারে ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

কোনো করদাতা স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হলে এবং উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকলে করদাতার উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ধৃত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত প্রযোজ্য হবে:

| | বিবরণ | রেয়াতের হার |
|-----|---|------------------------------------|
| (১) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নয় | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫% |
| (২) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০% |

১.২ কোম্পানী ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতাদের করহার

| | | |
|-----|---|-----------------|
| (১) | কোম্পানি এবং ব্যক্তি-সংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ অন্যান্য সকল করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৩০%; |
| (২) | কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক | উক্ত আয়ের ৪৫%; |

| | | |
|-----|---|--|
| | এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর- | |
| (৩) | কোম্পানি নহে, ব্যক্তি-সংঘ, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তি এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ২৭.৫%; তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে ব্যর্থ হলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে। |
| (৪) | সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%; |
| (৫) | বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%: |

১.৩ কোম্পানির করহার

| কোম্পানির বর্ণনা | প্রযোজ্য করহার | *শর্ত পরিপালনের ব্যর্থতায় প্রস্তাবিত করহার |
|---|----------------|---|
| পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে | ২০% | ২২.৫% |

| | | |
|--|-----------------------------|-------------------|
| পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে | ২২.৫% | ২৫% |
| পাবলিকলি ট্রেডেড নয় এরূপ কোম্পানি | ২৭.৫% | ৩০% |
| এক ব্যক্তি কোম্পানি | ২২.৫% | ২৫% |
| পাবলিকলি ট্রেডেড-ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান (মার্চেন্ট ব্যাংক ব্যতীত) | ৩৭.৫% | শর্ত প্রযোজ্য নয় |
| পাবলিকলি ট্রেডেড নয় এরূপ-ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান | ৪০% | শর্ত প্রযোজ্য নয় |
| মার্চেন্ট ব্যাংক | ৩৭.৫% | শর্ত প্রযোজ্য নয় |
| সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি | ৪৫% (+) ২.৫% সারচার্জ | শর্ত প্রযোজ্য নয় |
| পাবলিকলি ট্রেডেড মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre-Initial Public Offering Placement ৫% এর অধিক থাকতে পারবে না | ৪০% | শর্ত প্রযোজ্য নয় |
| পাবলিকলি ট্রেডেড নয় এমন মোবাইল ফোন কোম্পানি | ৪৫% | শর্ত প্রযোজ্য নয় |
| শর্ত: সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | | |

১.৪ রপ্তানি আয়ের জন্য হ্রাসকৃত করহার

এস. আর. ও. নং ১৫৮-আইন/আয়কর/২০২২ দ্বারা রপ্তানি হতে অর্জিত সকল প্রকার আয়ের উপর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আয়কর অব্যাহতি বা ক্ষেত্রমত, হ্রাস করে প্রদেয় আয়করের হার নিম্নোক্তভাবে ধার্য করা হয়েছে-

- (ক) স্বাভাবিক ব্যক্তি, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার কর্তৃক অর্জিত আয়ের ৫০% করমুক্ত থাকবে;
- (খ) স্বাভাবিক ব্যক্তি, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের অর্জিত আয়ের উপর ১২%; এবং

(গ) স্বাভাবিক ব্যক্তি, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতা কর্তৃক Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারখানায় উৎপাদিত পণ্য রপ্তানি হতে অর্জিত আয়ের উপর ১০%।

উক্ত হ্রাসকৃত করহারের সুবিধা পেতে হলে রপ্তানিকারককে নিম্নোক্ত শর্তাবলি পরিপালন করতে হবে-

(অ) টিআইএন ধারণ করতে হবে;

(আ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধানাবলি পরিপালন করতে হবে;

(ই) কোন আয়বর্ষে পরিবেশ সংশ্লিষ্ট বিধি বিধান লংঘনের দায়ে সরকারের কোন কর্তৃপক্ষ কর্তৃক অর্থদন্ড আরোপিত হলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধ করতে হবে;

(ঈ) সকল প্রকার Transportation Service, Mobile Telecommunication Service এবং Internet and Internet Related Service এর জন্য এই সুবিধা প্রযোজ্য হবে না। অর্থাৎ এ সকল সেবার বিপরীতে অর্জিত আয় নিয়মিত হারে করারোপিত হবে।

হ্রাসকৃত করহারের এই সুবিধা ১ জুলাই ২০২২ তারিখে আরম্ভ করবর্ষ হতে শুরু করে ৩০ জুন ২০২৮ তারিখে সমাপ্ত করবর্ষ পর্যন্ত বলবৎ থাকবে।

এখানে উল্লেখ্য, যেক্ষেত্রে স্বাভাবিক ব্যক্তি, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের একই খাতে দেশীয় ও রপ্তানি আয় রয়েছে, সেক্ষেত্রে আনুপাতিক আয় ও ব্যয় বিভাজন প্রযোজ্য হবে।

১.৫ সুতা উৎপাদন, ডায়িং, ফিনিসিং ইত্যাদি হতে আয়ের জন্য হ্রাসকৃত করহার

এস. আর. ও. নং ১৫৯-আইন/আয়কর/২০২২ দ্বারা বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সুতা উৎপাদন, সুতা ডাইয়িং, ফিনিসিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইয়িং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোন কোম্পানীর উল্লিখিত শিল্পের ব্যবসা হতে অর্জিত আয়ের উপর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রদেয় আয়করের হার হ্রাস করে ১৫% (পনের শতাংশ) ধার্য করা হয়েছে-

(ক) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) এর অধীনে নিবন্ধিত হতে হবে;

(খ) এই প্রজ্ঞাপনের সুবিধা পেতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধানাবলি পরিপালন করতে হবে;

(গ) কোন আয়বর্ষে পরিবেশ সংশ্লিষ্ট বিধি বিধান লংঘনের দায়ে সরকারের কোন কর্তৃপক্ষ কর্তৃক অর্থদন্ড আরোপিত হলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধ করতে হবে;

হাসকৃত করহারের এই সুবিধা ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত করবর্ষ পর্যন্ত বলবৎ থাকবে।

১.৬ হাঁস-মুরগীর খামার, হাঁস-মুরগী, চিংড়ি ও মাছের হ্যাচারী (hatchery) এবং মৎস্য চাষ হতে আয়ের জন্য হাসকৃত করহার

এস. আর. ও. নং ১৫৭-আইন/আয়কর/২০২২ দ্বারা হাঁস-মুরগীর খামার, হাঁস-মুরগী, চিংড়ি ও মাছের হ্যাচারী (hatchery) এবং মৎস্য চাষ হতে অর্জিত আয়ের উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধানাবলি পরিপালন সাপেক্ষে উক্ত অধ্যাদেশের অধীনে প্রদেয় আয়কর হাসপূর্বক নিম্নরূপে ধার্য করা হয়েছে, যথা:-

| আয়ের পরিমাণ | আয়করের হার |
|--|-------------|
| প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | শূন্য |
| পরবর্তী ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | ৫% |
| পরবর্তী ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% |
| অবশিষ্ট আয়ের উপর | ১৫% |

২। সারচার্জ

স্বাভাবিক ব্যক্তি করদাতা (assessee being individual) এর ক্ষেত্রে, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শনযোগ্য নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, এই অনুচ্ছেদ এর অধীনে সারচার্জ পরিগণনার পূর্বে নির্ধারিত প্রদেয় করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হবে, যথা-

| সম্পদ | সারচার্জের হার |
|--|----------------|
| (ক) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে; | ১০% |

| | |
|---|-----|
| বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে- | ২০% |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নহে- | ৩০% |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হলে- | ৩৫% |

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ পরিশোধ করতে হবে।

৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 2 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 2 তে আনীত সংশোধনীসমূহ নিম্নরূপ-

৩.১ section 2 এর clause (2) এ অ্যামালগ্যামেশন এর সংজ্ঞায় পরিবর্তন:

বিদ্যমান বিধানানুযায়ী অ্যামালগ্যামেশনের জন্য নিম্নোক্ত তিনটি শর্ত পূরণ করতে হয়-

- ক। মার্জারের অব্যবহিত পূর্বে অ্যামালগ্যামেটিং কোম্পানির সকল সম্পত্তি আবশ্যিকভাবে অ্যামালগ্যামেটেড কোম্পানির সম্পত্তি হতে হবে;
- খ। মার্জারের অব্যবহিত পূর্বে অ্যামালগ্যামেটিং কোম্পানির সকল দায় আবশ্যিকভাবে অ্যামালগ্যামেটেড কোম্পানির দায়ে পরিণত হতে হবে; এবং
- গ। অ্যামালগ্যামেটিং কোম্পানির অনূন ৯/১০ ভাগ শেয়ারের ভ্যালু (Value of Share) ধারণকারী শেয়ারহোল্ডারগণ অ্যামালগ্যামেটেড কোম্পানির শেয়ারহোল্ডার হতে হবে।

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে clause (2) এর sub-clause (c) প্রতিস্থাপন ও sub-clause (d) সংযোজনের মাধ্যমে অ্যামালগ্যামেশন এর সংজ্ঞায় পরিবর্তন আনয়ন করা হয়েছে-

পরিবর্তিত বিধানানুযায়ী অ্যামালগ্যামেশনের জন্য নিম্নোক্ত শর্তাবলি পূরণ করতে হবে-

- ক। মার্জারের অব্যবহিত পূর্বে অ্যামালগ্যামেটিং কোম্পানির সকল সম্পত্তি আবশ্যিকভাবে অ্যামালগ্যামেটেড কোম্পানির সম্পত্তি হতে হবে;

খ। মার্জারের অব্যবহিত পূর্বে অ্যামালগ্যামেটিং কোম্পানির সকল দায় আবশ্যিকভাবে অ্যামালগ্যামেটেড কোম্পানির দায়ে পরিণত হতে হবে; এবং

গ। যেক্ষেত্রে অ্যামালগ্যামেটেড কোম্পানি বাংলাদেশী কোম্পানি, সেক্ষেত্রে অ্যামালগ্যামেটিং কোম্পানির অনূন ৭৫% শেয়ারের ভ্যালু (Value of Share) ধারণকারী শেয়ারহোল্ডারগণ অ্যামালগ্যামেটেড কোম্পানির শেয়ারহোল্ডার হতে হবে; অথবা

ঘ। যেক্ষেত্রে অ্যামালগ্যামেটেড কোম্পানি বিদেশি কোম্পানি, সেক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন বাংলাদেশী কোম্পানির শেয়ারহোল্ডার অ্যামালগ্যামেটিং বিদেশি কোম্পানির অনূন ৭৫% শেয়ারের ভ্যালু ধারণকারী শেয়ারহোল্ডারগণ মার্জারের ফলে অ্যামালগ্যামেটেড কোম্পানির শেয়ারহোল্ডার হতে হবে।

এখানে উল্লেখ্য, “ঘ” নং শর্তটি অফশোর ইন্ডাইরেস্ট ট্রান্সফারের ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রযোজ্য বিধি দ্রষ্টব্য।

এছাড়াও নিম্নোক্ত শর্তাবলি পরিপালিত হতে হবে-

ক। মার্জারের অব্যবহিত পূর্বে কোন অ্যামালগ্যামেটেড কোম্পানি সরাসরি বা কোন নমিনির মাধ্যমে অ্যামালগ্যামেটিং কোম্পানির শেয়ার ধারণ করলে তা ৭৫% পরিগণনার পূর্বে বাদ দিয়ে অবশিষ্ট শেয়ারের ভ্যালু হতে ৭৫% পরিগণনা করতে হবে; এবং

খ। মার্জারের অব্যবহিত পূর্বে কোন অ্যামালগ্যামেটেড কোম্পানির সাবসিডিয়ারি সরাসরি বা কোন নমিনির মাধ্যমে অ্যামালগ্যামেটিং কোম্পানির শেয়ার ধারণ করলে তা ৭৫% পরিগণনার পূর্বে বাদ দিয়ে অবশিষ্ট শেয়ারের ভ্যালু হতে ৭৫% পরিগণনা করতে হবে।

এখানে উল্লেখ্য, অ্যামালগ্যামেটিং কোম্পানির ২৫% বা এর কম শেয়ারের ভ্যালু ধারণকারী শেয়ারহোল্ডারগণ- তা যে কোন বিন্যাসেই হোক না কেন, অ্যামালগ্যামেশন স্কিমের বাইরে থাকতে পারবে।

উদাহরণ:

ধরা যাক, “ক” লিমিটেড কোম্পানি “খ” লিমিটেড কোম্পানির সাথে অ্যামালগ্যামেশন স্কিমে একীভূত বা মার্জড হলো। এখানে “ক” লিমিটেড কোম্পানি হচ্ছে অ্যামালগ্যামেটিং কোম্পানি এবং “খ” লিমিটেড কোম্পানি হচ্ছে অ্যামালগ্যামেটেড কোম্পানি। মার্জারের অব্যবহিত পূর্বেই “খ” লিমিটেড কোম্পানি সরাসরি বা তার কোন নমিনির মাধ্যমে “ক” লিমিটেড কোম্পানির ৩০% শেয়ার ধারণ করে। শর্তানুযায়ী, “খ” লিমিটেড কোম্পানির ৩০% শেয়ার বাদ দিয়ে “ক” লিমিটেড কোম্পানির অবশিষ্ট (১০০-৩০) এর ৭৫% বা

অন্য ৫২.৫% শেয়ারের ভ্যালু ধারণকারী শেয়ারহোল্ডারগণ আবশ্যিকভাবে “খ” লিমিটেড কোম্পানির শেয়ারহোল্ডার হতে হবে।

৩.২ ব্যাংক ট্রান্সফারের সংজ্ঞা অন্তর্ভুক্তকরণ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 2 এ clause (12A) সন্নিবেশ করা হয়েছে।

“ব্যাংক ট্রান্সফার” অর্থে ক্রসড চেক, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্য যেকোন পন্থা অন্তর্ভুক্ত হবে।

৩.৩ “Charitable Purpose” বা দাতব্য উদ্দেশ্য এর সংজ্ঞায় পরিবর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 2 এ clause (16) প্রতিস্থাপন করা হয়েছে।

পরিবর্তিত বিধানানুযায়ী, দাতব্য উদ্দেশ্য এর অর্থ হচ্ছে-

ক। দরিদ্রের জন্য ত্রাণ, শিক্ষা ত্রাণ, চিকিৎসা ত্রাণ; এবং

খ। সাধারণ জন-উপযোগের কোন উদ্দেশ্যের (any other objective of general public utility) উন্নতি বা প্রসার।

তবে, সাধারণ জন-উপযোগের কোন উদ্দেশ্যের উন্নতি বা প্রসার দাতব্য উদ্দেশ্য বলে বিবেচিত হবে না-

অ। যদি না তা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হয়; এবং

আ। যদি নিম্নোক্ত কোন কর্মকাণ্ডে জড়িত হয়-

- i. কারবার (trade), বাণিজ্য (commerce) বা ব্যবসায় প্রকৃতির কোনো কার্যক্রম তা যেকোন ধরনের বা প্রকারের হোক না কেন; অথবা
- ii. পণের (consideration) বিনিময়ে কোন সেবা প্রদান করলে এবং কোন আয়বর্ষে এরূপ পণের মোট মূল্য ২০ লক্ষ টাকা অতিক্রম করলে।

৩.৪ রপ্তানির সংজ্ঞা অন্তর্ভুক্তকরণ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 2 এ clause (28A) সন্নিবেশিত হয়েছে। এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এ রপ্তানির সংজ্ঞা সন্নিবেশ করা হয়েছে।

নূতন প্রবর্তিত এ সংজ্ঞায় রপ্তানিকে নিম্নরূপে সংজ্ঞায়িত করা হয়েছে-

“রপ্তানি” অর্থ বাংলাদেশের অভ্যন্তর হতে বাংলাদেশের ভৌগোলিক সীমার বাইরে কোন পণ্য বা সেবার সরবরাহ। এছাড়াও অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক এলসির অধীনে রপ্তানিমুখী

শিল্পে স্থানীয়ভাবে উৎপাদিত কাঁচামাল ও অন্যান্য উপকরণ সরবরাহও রপ্তানির অন্তর্ভুক্ত হবে।

৩.৫ গবেষণা ও উন্নয়ন (Research and development) এর সংজ্ঞা অন্তর্ভুক্তকরণ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 2 এ clause (54A) সন্নিবেশিত হয়েছে। এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এ রপ্তানির সংজ্ঞা অন্তর্ভুক্ত করা হয়েছে।

“গবেষণা ও উন্নয়ন” অর্থ প্রণালীবদ্ধ (systematic), অনুসন্ধানী (investigative) এবং পরীক্ষামূলক (experimental) অধ্যয়ন যা

ক। অভিনব অথবা কারিগরি ঝুঁকি সম্বলিত হতে হবে; এবং

খ। বিজ্ঞান বা প্রযুক্তি জগতে হতে হবে; এবং

গ। নূতন জ্ঞান অর্জনের লক্ষ্যে পরিচালিত হতে হবে; অথবা

ঘ। উৎপাদন অথবা উপকরণ, যন্ত্র, পণ্য, কৃষিপণ্য বা প্রক্রিয়ার উন্নয়নের লক্ষ্যে অধ্যয়নের ফলাফলের ব্যবহারের উদ্দেশ্যে পরিচালিত হতে হবে।

নিম্নোক্ত লক্ষ্যে পরিচালিত অধ্যয়ন গবেষণা বা উন্নয়ন অর্থে অন্তর্ভুক্ত হবে না, যথা-

ক। উপকরণ, যন্ত্র বা পণ্যের মাননিয়ন্ত্রণ বা রুটিন টেস্টিং;

খ। শিল্পকলা ও মানবতা এবং সামাজিক বিজ্ঞানে পরিচালিত গবেষণা;

গ। আর্থিক দলিলাদি বা আর্থিক পণ্যের সৃষ্টি ও উন্নয়ন;

ঘ। বাজার গবেষণা বা বিক্রয় প্রচার, রুটিন উপাত্ত (Data) সংগ্রহ, ইফিসিয়েন্সি সার্ভে বা ব্যবস্থাপনা অধ্যয়ন;

ঙ। উপকরণ, যন্ত্র, পণ্য, প্রক্রিয়া বা উৎপাদন পদ্ধতির রুটিন অদলবদল বা পরিবর্তন;

চ। উপকরণ, যন্ত্র, পণ্য, প্রক্রিয়া বা উৎপাদন পদ্ধতির সামান্য (cosmetic) অদলবদল বা স্টাইলের পরিবর্তন;

ছ। ট্রেডমার্ক বা গুডউইলের সৃষ্টি বা উন্নতি।

এখানে উল্লেখ্য, অধ্যয়নটি একই সাথে প্রণালীবদ্ধ, অনুসন্ধানী এবং পরীক্ষামূলক হতে হবে। কোন একটি বা কোন দুটি মানদণ্ড পূরণ করলে হবেনা। একইসাথে অভিনব বা কারিগরি ঝুঁকি সম্পন্ন হতে হবে।

প্রণালীবদ্ধ বলতে অধ্যয়নের জন্য গৃহীত ধাপ বা কর্মকান্ডের একটি পরিকল্পিত এবং সুশৃংখল পন্থাকে বুঝাবে। কর্মকান্ডসমূহকে এমনভাবে নথিভুক্ত করতে হবে যাতে করে অন্যকোন ব্যক্তি একই পদ্ধতি ব্যবহার করে একই ক্ষেত্রে একই ফলাফল পুনরুৎপাদন করতে পারবেন।

অনুসন্ধানী বলতে তথ্য (information) অন্বেষণ এবং উন্মোচনের লক্ষ্যে গৃহীত এমন সকল কর্মকান্ডকে বুঝাবে যা-

ক। একটি সুনির্দিষ্ট সমস্যাকে বুঝতে সহায়তা করবে; এবং

খ। অধ্যয়ন শুরুর পূর্বের বৈজ্ঞানিক বা প্রযুক্তিগত জ্ঞানের বিদ্যমান অবস্থা এবং অভীষ্ট ফলাফলের মধ্যকার দূরত্ব কমিয়ে আনার পথ তৈরী করবে।

এটি কেবলমাত্র কোন একটি জ্ঞাত তথ্য বা ঘটনার নিশ্চিতকরণ করবেনা।

পরীক্ষামূলক বলতে কোন একটি প্রযুক্তিগত সমস্যা সমাধানে বা নূতন কিছু সৃষ্টিতে সম্ভাব্য সমাধানের টেস্টিং এর জন্য গৃহীত ধারাবাহিক কাঠামোবদ্ধ ধাপসমূহকে বুঝাবে। এটি পুনরাবৃত্তিমূলক হতে পারে।

৩.৬ পণ্য সরবরাহ এর সংজ্ঞা অন্তর্ভুক্তকরণ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 2 এ clause (61A) সন্নিবেশিত হয়েছে। এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে “পণ্য সরবরাহ” বা supply of goods এর সংজ্ঞা অন্তর্ভুক্ত করা হয়েছে।

“পণ্য সরবরাহ” অর্থ পণ্যের বিক্রয়, বিনিময় বা অন্যবিধভাবে পণ্যের অধিকার হস্তান্তর। এছাড়াও হায়ার পারচেজ এগ্রিমেন্ট বা ফাইন্যান্স লিজের অধীনে বিক্রয় ও পণ্য সরবরাহ অর্থে অন্তর্ভুক্ত হবে।

৩.৭ ট্যাক্স ডে বা কর দিবসের সংজ্ঞা সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 2 এ clause (62A) এর sub-clause (ii) এরপর নূতন sub-clause (iia) অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মাধ্যমে আয়কর অধ্যাদেশে ট্যাক্স ডে বা কর দিবসের সংজ্ঞায় নূতন বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে।

নূতন বিধানানুযায়ী, একজন স্বাভাবিক ব্যক্তি করদাতা (an individual assessee) যিনি পূর্বে কখনোই রিটার্ন দাখিল করেননি, তার জন্য আয়বর্ষ শেষ হবার পরবর্তী ৩০ জুন তারিখ কর দিবস হিসেবে গণ্য হবে।

উদাহরণ-১:

ধরা যাক, জনাব সুমিত হাসান এর জন্য ২০২২-২০২৩ করবর্ষে প্রথমবারের মত রিটার্ন দাখিল প্রয়োজ্য হয়েছে। তিনি ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে যেকোন দিন সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন।

উদাহরণ-২:

ধরা যাক, জনাব নাগিস আকতার এর ২০১৯-২০২০ করবর্ষ হতে রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। অদ্যাবধি তিনি কোন প্রকার রিটার্ন দাখিল করেননি। তিনি ২০২২-২০২৩ করবর্ষে সকল রিটার্ন একত্রে দাখিল করবেন বলে স্থির করলেন। জনাব নাগিস আকতার ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে শুধু ২০২২-২০২৩ করবর্ষের জন্য সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করতে পারবেন। ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ করবর্ষের রিটার্ন সাধারণ পদ্ধতিতে দাখিল করতে পারবেন।

৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 16 এর sub-section (3) প্রতিস্থাপন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এর section 16 এর sub-section (3) এর প্রতিস্থাপন করা হয়েছে।

প্রতিস্থাপিত sub-section (3) অনুযায়ী, sub-section (1) এ যা কিছুই থাকুক না কেন, অধ্যায় ৭ এবং দ্বিতীয় তফসিলে নির্ধারিত হারে নিম্নোক্ত ক্ষেত্রসমূহের কর ধার্য হবে-
ক। মূলধনী আয় (Capital gains) হিসেবে পরিগণিত কোন আয়;

খ। section 2 এর sub-section (26) এ যে সকল আয়কে লভ্যাংশ বা ডিভিডেন্ড হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে; এবং

গ। section 19(13) এ যে সকল আয়কে winnings হিসেবে রেফার করা হয়েছে।

৫। The Offshore Indirect Transfer Rules, 2022

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 18 এর sub-section (2) এর clause (c) অনুযায়ী বাংলাদেশে অবস্থিত কোন পরিসম্পদ হস্তান্তর হতে উপচিত (accrued) বা উদ্ভূত (arising) আয় বাংলাদেশে উপচিত বা উদ্ভূত হয়েছে বলে গণ্য হবে। বাংলাদেশে উপচিত বা উদ্ভূত যেকোন আয় বাংলাদেশে করযোগ্য।

section 18 এর sub-section (2) এর explanation এর clause (c) অনুযায়ী বাংলাদেশে নিবাসী নয় এমন কোন কোম্পানির শেয়ার হস্তান্তর হলে (হস্তান্তর যেখানেই সংঘটিত হোক না কেন) এবং ঐ কোম্পানির কোন পরিসম্পদ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বাংলাদেশে অবস্থিত হলে উক্ত হস্তান্তরিত শেয়ার মূল্যের যতটুকু বাংলাদেশে অবস্থিত পরিসম্পদের মূল্যের সাথে সম্পর্কিত ততটুকু মূল্য বাংলাদেশে অবস্থিত কোন পরিসম্পদ হস্তান্তর হয়েছে বলে গণ্য হবে।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর এই বিধানানুসারে করারোপ ও আদায়ের নিমিত্ত The Offshore Indirect Transfer Rules, 2022 প্রণয়ন করা হয়েছে। পরিশিষ্ট ২ দ্রষ্টব্য।

৬। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 19 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 19 এ আনীত সংশোধনীসমূহ নিম্নরূপ-

৬.১ section 19 এর sub-section (11) সংশোধন

sub-section (11) এর প্রথম প্রোভাইসোতে উল্লিখিত “assessee” শব্দের পর “being individual” সন্নিবেশ করা হয়েছে।

বিদ্যমান বিধানানুযায়ী কোন আয়বর্ষে ঋণদায় বাতিলের ফলে কোন করদাতার বরাবরে কোন সুবিধা বা সুযোগ উদ্ভূত হলে, উক্ত সুযোগ বা সুবিধার আর্থিক মূল্য বিবেচ্য আয়বর্ষে করদাতার অন্যান্য উৎসের আয় হিসেবে পরিগণিত হয়।

তবে বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশে ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ সহ যেকোন বাণিজ্যিক ব্যাংক বা কোন লিজিং কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর অধীনে নিবন্ধিত কোন আর্থিক প্রতিষ্ঠান কোন আয়বর্ষে কোন করদাতার কোন ঋণ বা সুদ মওকুফ করলে তা উক্ত আয়বর্ষে উক্ত করদাতার অন্যান্য উৎসের আয় হিসেবে পরিগণিত হত না।

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আনীত পরিবর্তনে ফলে বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশে ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ সহ যেকোন বাণিজ্যিক ব্যাংক বা কোন লিজিং কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর অধীনে নিবন্ধিত কোন আর্থিক প্রতিষ্ঠান কোন আয়বর্ষে কোন স্বাভাবিক ব্যক্তি করদাতার কোন ঋণ বা সুদ মওকুফ করলে তা উক্ত আয়বর্ষে উক্ত স্বাভাবিক ব্যক্তি করদাতার অন্যান্য উৎসের আয় হিসেবে পরিগণিত হবে না।

অর্থাৎ স্বাভাবিক ব্যক্তি করদাতা ব্যতীত অন্যান্য করদাতাদের হাতে বাতিলকৃত ঋণদায় বা মওকুফকৃত ঋণ বা সুদ করযোগ্য আয় হিসেবে পরিগণিত হবে।

৬.২ section 19 এর sub-section (21) এর সংশোধন

section 19 এর sub-section (21) এর proviso (b) এরপর নূতন প্রোভাইসো (bb) সংযোজিত হয়েছে। সংযোজিত proviso মোতাবেক ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি বা এনজিও অ্যাফেয়ার্স ব্যুরোর সাথে নিবন্ধিত কোন সংস্থা ব্যাংকিং মাধ্যম ব্যতীত কোন ডিপোজিট গ্রহণ করলে তা অন্যান্য উৎসের আয় হিসেবে পরিগণিত হবে না।

section 19 এর sub-section (21) এর proviso (c) এর উপ-proviso (ii) এ “parents” শব্দের পর “or sons or daughters” শব্দগুলো সন্নিবেশিত হয়েছে।

বিদ্যমান বিধানানুযায়ী, যেক্ষেত্রে করদাতা স্বামী বা স্ত্রী অথবা মাতা-পিতা হতে কোন ঋণ বা দান গ্রহণ করেন সেক্ষেত্রে অন্তত কোন এক পক্ষকে ব্যাংকিং বা আনুষ্ঠানিক চ্যানেলে ঋণ বা দান প্রদান বা গ্রহণ করতে হবে। পুত্র বা কন্যা হতে ঋণ বা দান প্রদান বা গ্রহণ সম্পূর্ণরূপে ব্যাংকিং চ্যানেলে করার বিধান রয়েছে।

সন্নিবেশিত বিধানের ফলে, যেক্ষেত্রে করদাতা স্বামী বা স্ত্রী অথবা মাতা-পিতা বা পুত্র বা কন্যা হতে কোন ঋণ বা দান গ্রহণ করেন সেক্ষেত্রে অন্তত কোন এক পক্ষকে ব্যাংকিং বা আনুষ্ঠানিক চ্যানেলে ঋণ বা দান প্রদান বা গ্রহণ করতে হবে। অর্থাৎ পুত্র বা কন্যা হতে ঋণ বা দান প্রদান বা গ্রহণ সম্পূর্ণরূপে ব্যাংকিং চ্যানেলে করার পরিবর্তে যে কোন এক পক্ষকে ব্যাংকিং বা আনুষ্ঠানিক চ্যানেলে ঋণ বা দান প্রদান বা গ্রহণ করতে হবে।

section 19(21) এর Explanation বিলুপ্ত করা হয়েছে।

৭। section 19AAAA এবং 19AAAAA বিলোপ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 19AAAA এবং section 19AAAAA বিলোপ করা হয়েছে।

৮। section 19F সংযোজন- Offshore Tax Amnesty

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশে Offshore Tax Amnesty এর বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিধান প্রবর্তনের ফলে কোন করদাতা নির্ধারিত সময়ের মধ্যে ৭% হারে কর পরিশোধ করে তার অপ্রদর্শিত বৈদেশিক সম্পদ প্রদর্শন করতে পারবেন এবং অপ্রদর্শিত বৈদেশিক সম্পদের উৎস নিয়ে বাংলাদেশের কোন কর্তৃপক্ষ কোন প্রশ্ন উত্থাপন করতে পারবে না।

সংযোজিত বিধানানুযায়ী, আয়কর অধ্যাদেশ বা বাংলাদেশে বলবৎ অন্যকোন আইনে যা কিছুই থাকুক না কেন, কোন করদাতা ২০২২-২০২৩ করবর্ষের রিটার্ন দাখিলের পূর্বে নিম্নোক্ত টেবিলে বর্ণিত বাংলাদেশের বাইরে অবস্থিত অপ্রদর্শিত সম্পদের বিপরীতে কর পরিশোধ করলে করদাতার সম্পদের উৎস নিয়ে কোন প্রশ্ন উত্থাপন করা যাবেনা-

| সম্পদের বর্ণনা | করহার |
|---|-------|
| যেকোন পরিমাণ নগদ বা নগদ সমতুল্য, ব্যাংক জমা, ব্যাংক নোটস, ব্যাংক হিসাব, কনভারটিবল সিকিউরিটিজ এবং আর্থিক দলিলাদি (financial instruments)- যদি ব্যাংকিং চ্যানেলে বাংলাদেশে প্রত্যাবর্তিত হয়। | ৭% |

যেক্ষেত্রে এই ধারার অধীনে কোন অর্থ বিদেশ হতে দেশে প্রত্যাবর্তিত হবে, দায়িত্বপ্রাপ্ত ব্যাংক করদাতার হিসেবে উক্ত অর্থ জমার পূর্বে ৭% হারে কর কর্তন ও সরকারি কোষাগারে জমাপূর্বক অবশিষ্ট অর্থ করদাতার ব্যাংক হিসেবে জমা করবে এবং করদাতাকে কর কর্তন সম্পর্কিত একটি প্রত্যয়নপত্র প্রদান করবে।

এ ধারার অধীনে কর্তিত কর অটোমেটেড চালানোর মাধ্যমে জমা করতে হবে।

যে সকল ক্ষেত্রে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে এ অধ্যাদেশ বা অন্যকোন আইনের অধীনে করফাঁকি বা ফৌজদারী অপরাধ সংক্রান্ত কোন কার্যক্রম (proceeding) গৃহীত হয়েছে সে সকল ক্ষেত্রে এ ধারার সুযোগ গ্রহণ করা যাবে না।

এ ধারায় বর্ণিত রিটার্ন অর্থে ৮২বিবি ধারায় দাখিলকৃত ভুল সংশোধনী রিটার্ন এবং section ৭৮ এর অধীনে দাখিলকৃত সংশোধিত রিটার্ন অন্তর্ভুক্ত হবে এবং ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে দাখিলকৃত হতে হবে।

উদাহরণ:

ধরা যাক, করদাতা জনাব আবু মুসা ২০২২-২০২৩ করবর্ষে রিটার্ন দাখিলের পূর্বে বিদেশ হতে বাংলাদেশে ৫০ মিলিয়ন ডলার প্রত্যাবর্তন করেন। তিনি ব্যাংক-কে অবহিত করেন যে, তিনি আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 19F এর অধীনে কর পরিশোধপূর্বক উক্ত অর্থ আয়কর রিটার্নে প্রদর্শন করতে আগ্রহী।

করদাতার এমন অভিপ্রায়ের প্রেক্ষিতে ব্যাংক করদাতা কর্তৃক প্রত্যাবর্তিত মোট অর্থ হতে ৭% হারে কর কর্তন করে এ-চালানোর মাধ্যমে জমা করবে এবং অবশিষ্ট অর্থ করদাতার হিসাবে জমা করবে। সংশ্লিষ্ট ব্যাংক করদাতাকে অর্থের উৎস সম্পর্কে কোন প্রশ্ন করতে পারবেনা এবং করদাতাকে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 19F এর অধীনে কর পরিশোধ করেছেন মর্মে একটি প্রত্যয়নপত্র প্রদান করবে।

করদাতা বাংলাদেশে প্রত্যাবর্তিত অর্থ আয়কর রিটার্নে প্রদর্শন করবেন এবং কর পরিশোধের প্রত্যয়নপত্র রিটার্নের সাথে সংযুক্ত করবেন।

section 19F এর অধীনে কর পরিশোধ করলে করদাতাকে উক্ত সম্পদের জন্য 19G ধারায় বা অন্যকোন ধারায় কোন জরিমানা আরোপ করা যাবে না।

করদাতা কর্তৃক এরূপে দাখিলকৃত রিটার্ন ও রিটার্নে প্রদর্শিত সম্পদের উৎস সম্পর্কে কোন কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রকার প্রশ্ন উত্থাপন করা যাবে না।

এক নজরে- Offshore Tax Amnesty

| প্রশ্ন | উত্তর |
|--|---|
| করহার কত? | ৭%। |
| section 19G এর অধীনে জরিমানা প্রযোজ্য হবে কিনা? | প্রযোজ্য হবে না। |
| অন্যকোন প্রকার জরিমানা প্রযোজ্য হবে কিনা? | না। অন্যকোন প্রকারের জরিমানা প্রযোজ্য নয়। |
| কার মাধ্যমে পরিশোধ করতে হবে? | যে ব্যাংকের মাধ্যমে অর্থ বাংলাদেশে প্রত্যাবর্তিত হবে সে ব্যাংকের নিকট এই ধারার অধীনে কর পরিশোধের অভিপ্রায় ব্যক্ত করতে হবে। |
| কীভাবে কর পরিশোধ করতে হবে? | ব্যাংক প্রত্যাবর্তিত অর্থ হতে ৭% হারে কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে এ-চালানের মাধ্যমে জমা করবে। |
| ব্যাংক কি কোন প্রশ্ন উত্থাপন করতে পারবে? | ব্যাংক উক্ত অর্থের উৎস সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করতে পারবে না। |
| বাংলাদেশের অন্যকোন কর্তৃপক্ষ কি কোন প্রশ্ন উত্থাপন করতে পারবে? | না। বাংলাদেশের অন্যকোন কর্তৃপক্ষ এ বিষয়ে কোন প্রকার প্রশ্ন উত্থাপন করতে পারবেনা। |
| ব্যাংক কি কোন প্রত্যয়নপত্র প্রদান করবে? | ব্যাংক এ ধারার অধীনে প্রদর্শিত অর্থ ও উৎসে কর্তিত করার পরিমাণ উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র প্রদান করবে। |
| কী ধরনের সম্পদ প্রদর্শন করা যাবে? | যেকোন পরিমাণ নগদ বা নগদ সমতুল্য, ব্যাংক জমা, ব্যাংক নোটস, ব্যাংক হিসাব, কনভারটিবল সিকিউরিটিজ এবং আর্থিক দলিলাদি (financial instruments) |
| কী প্রকৃতির সম্পদ প্রদর্শন করা যাবে? | আয়কর রিটার্নে অপ্রদর্শিত এবং বিদেশে অবস্থিত সম্পদ ব্যাংকিং চ্যানেলে বাংলাদেশে প্রত্যাবর্তিত হলে। |

| | |
|---|--|
| কীভাবে প্রদর্শন করা যাবে? | ২০২২-২০২৩ করবর্ষের জন্য প্রযোজ্য রিটার্নে প্রদর্শন করতে হবে। |
| রিটার্ন বলতে কি বুঝাবে? | রিটার্ন বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫ এর অধীনে দাখিলকৃত রিটার্ন বুঝাবে এবং রিটার্ন অর্থে ৮২বিবি ধারায় দাখিলকৃত ভুল সংশোধনী রিটার্ন ও ৭৮ ধারার অধীনে দাখিলকৃত সংশোধিত রিটার্নও অন্তর্ভুক্ত হবে। |
| কখন এ ধারার অধীনে কর পরিশোধ করা যাবে না? | ৩০ জুন ২০২৩ তারিখের পর। |
| এ ধারার অধীনে কর পরিশোধের কোন ব্যতিক্রম রয়েছে কিনা? | যে সকল ক্ষেত্রে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে এ অধ্যাদেশ বা অন্যকোন আইনের অধীনে করফাঁকি বা ফৌজদারী অপরাধ সংক্রান্ত কোন কার্যক্রম (proceeding) গৃহীত হয়েছে সে সকল ক্ষেত্রে এ ধারার সুযোগ গ্রহণ করা যাবেনা। |
| ভুল সংশোধনী রিটার্ন বা Amended return এ প্রত্যাবর্তিত সম্পদ প্রদর্শন করা যাবে কিনা? | ৮২বিবি ধারায় দাখিলকৃত ভুল সংশোধনী রিটার্ন বা Amended return এ প্রত্যাবর্তিত সম্পদ প্রদর্শন করা যাবে। তবে তা ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে দাখিল হতে হবে। |
| সংশোধিত রিটার্ন বা Revised return এ প্রত্যাবর্তিত সম্পদ প্রদর্শন করা যাবে কিনা? | ৭৮ ধারার অধীনে দাখিলকৃত সংশোধিত রিটার্ন বা Revised return এ প্রত্যাবর্তিত সম্পদ প্রদর্শন করা যাবে। তবে তা ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে দাখিল হতে হবে। |

৯। section 19G সংযোজন- আয়কর রিটার্নে অপ্রদর্শিত অফশোর সম্পদের জন্য জরিমানা

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ এ নিবাসী বাংলাদেশী করদাতার আয়কর রিটার্নে অপ্রদর্শিত অফশোর বা বিদেশস্থ সম্পদের জন্য জরিমানার বিধান সংযোজন করা হয়েছে।

সংযোজিত বিধানানুযায়ী,

ক। section 19G এর অধীনে আরোপিত জরিমানা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যকোন ধারার অধীনে বা বাংলাদেশে বলবৎ অন্যকোন আইনের অধীনে সৃষ্ট কোন দায়কে ক্ষুণ্ণ করবে না। অর্থাৎ এ ধারার অধীনে জরিমানা আরোপ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যকোন section বা অন্যকোন আইনের অধীনে গৃহীত বা গৃহীতব্য কোন কার্যক্রমকে ব্যাহত করবে না;

- খ। নিবাসী বাংলাদেশী কোন ব্যক্তির রিটার্নে অপ্রদর্শিত সম্পদ বিদেশে অবস্থিত হতে হবে;
- গ। করদাতাকে জরিমানা আরোপের পূর্বে শুনানীর পর্যাপ্ত সুযোগ দিতে হবে;
- ঘ। করদাতার নিকট হতে সম্পদ অর্জনের প্রকৃতি (Nature) এবং উৎস সম্পর্কে ব্যাখ্যা গ্রহণ করতে হবে। অর্থাৎ কেবলমাত্র সম্পদের উৎস নয় বরং কী প্রকারে সম্পদ অর্জিত হয়েছে, যে উৎস হতে সম্পদ অর্জিত হয়েছে তার উৎস, প্রকৃতি ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করতে হবে;
- ঙ। উপ-কর কমিশনারের নিকট উপস্থাপিত ব্যাখ্যা সন্তোষজনক প্রতীয়মান না হলে;
- চ। উপ-কর কমিশনার করদাতার নিকট হতে বিদেশস্থ সম্পদের ন্যায্য মূল্যের সমপরিমাণ অর্থ জরিমানা হিসেবে আদায় করতে পারবেন।
- ছ। করদাতার সম্পদ বা করদাতার পক্ষে অন্যকেউ করদাতার সম্পদ ধারণ করলে, সে সম্পদ বাজেয়াপ্ত বা বিক্রয় করার মাধ্যমে এ ধারার অধীনে আরোপিত জরিমানা আদায় করা যাবে;
- জ। কোন করদাতার বিদেশে অপ্রদর্শিত সম্পদ রয়েছে মর্মে উপ-কর কমিশনারের বিশ্বাস করার কারণ থাকলে তিনি বিদেশে তদন্ত পরিচালনা করতে পারবেন;
- ঝ। বিদেশে অপ্রদর্শিত সম্পদ ধারণ প্রতিরোধে এবং এ ধরণের সম্পদ পুনরুদ্ধারে বোর্ড-
- অ। উপযুক্ত যেকোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে; এবং
- আ। উপ-কর কমিশনারের নিম্নে নহে এমন যেকোন আয়কর কর্তৃপক্ষকে অনুসন্ধান বা তদন্তের পরিচালনার নিমিত্ত সম্মতি প্রদান, অনুমতি প্রদান বা ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

উদাহরণ:

ধরা যাক, জনাব ইন্দ্রনীল একজন নিয়মিত করদাতা। উপ-কর কমিশনার বা বোর্ডের নিকট এমন তথ্য রয়েছে যা হতে বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রয়েছে যে জনাব ইন্দ্রনীলের বিদেশে অপ্রদর্শিত সম্পদ রয়েছে যার ন্যায্যমূল্য ২০ কোটি টাকা। উপ-কর কমিশনারের তদন্তে উক্ত সম্পদের সত্যতা মেলে।

উপ-কর কমিশনার করদাতাকে পর্যাপ্ত শুনানীর সুযোগ প্রদান করবেন এবং করদাতার নিকট হতে উক্ত সম্পদ অর্জনের উৎস ও তার প্রকৃতি সম্পর্কে ব্যাখ্যা গ্রহণ করবেন। করদাতা কর্তৃক উপস্থাপিত ব্যাখ্যা সন্তোষজনক না হলে উপ-কর কমিশনার আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19G ব্যতীত অন্যান্য বিধানানুসারে যে সকল ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে তার সব-ই করবেন এবং ১৯জি ধারানুযায়ী সম্পদের অর্থ মূল্যের সমপরিমাণ অর্থ অর্থাৎ ২০ কোটি টাকা জরিমানা

আরোপ করতে পারবেন। জরিমানা আদায়ে করদাতার সম্পদ বা করদাতার পক্ষে অন্যকেউ সম্পদ ধারণ করলে তা বাজেয়াপ্ত বা বিক্রয়ের মাধ্যমে আদায় করা যাবে।

১০। section 29 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে section 29 এর clause (v), (xix), (xx) এবং (xxi) তে সংশোধন আনা হয়েছে।

১০.১ section 29 এর clause (v) বিলোপ

বিদ্যমান বিধানানুযায়ী, সরকার কর্তৃক অনুমোদিত কোন স্পেশাল রিজার্ভের পুঞ্জীভূত পরিমাণ কোন আর্থিক প্রতিষ্ঠানের পরিশোধিত মূলধনকে অতিক্রম না করলে, স্পেশাল রিজার্ভে মোট আয়ের পাঁচ শতাংশ পর্যন্ত অর্থ সংরক্ষণ কোন আর্থিক প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যয় হিসেবে বিবেচিত হয়।

section 29 এর clause (v) এর বিলোপের ফলে স্পেশাল রিজার্ভে স্থানান্তরিত কোন অর্থ অনুমোদনযোগ্য ব্যয় হিসেবে বিবেচিত হবে না।

১০.২ section 29 এর clause (xix), (xx) এবং (xxi) এর সংশোধন

section 29 এর clause (xix) এবং (xx) তে উল্লিখিত “scientific research” এর পরিবর্তে “research and development” শব্দগুলি প্রতিস্থাপিত হয়েছে। section ২ এ “research and development” এর সংজ্ঞা প্রদান করা হয়েছে। অর্থাৎ উক্ত সংজ্ঞানুযায়ী নির্ধারিত ব্যয় অনুমোদনযোগ্য ব্যয় হিসেবে গণ্য হবে।

এছাড়াও clause (xxi) এ সংশোধনীর মাধ্যমে “and in clauses (xix) and (xx)” শব্দগুলি বিলোপ করা হয়েছে। ফলে, clause (xxi) তে প্রদত্ত “scientific research” এর সংজ্ঞা কেবলমাত্র clause (xxi) এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।

১১। section 30 সংশোধন- পারকুইজিট ব্যয়ের সীমা বৃদ্ধি

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 30 তে সংশোধন আনা হয়েছে।

১১.১ clause (e) সংশোধন

section 30 এর clause (e) তে “five lakh and fifty thousand” শব্দগুলির পরিবর্তে “ten lakh” শব্দগুলি প্রতিস্থাপিত হয়েছে।

বিদ্যমান বিধানানুযায়ী কোন কর্মচারীকে পারকুইজিট হিসেবে পরিশোধিত অর্থের পরিমাণ ৫ লক্ষ ৫০ হাজার টাকার অতিরিক্ত হলে তা অননুমোদিত ব্যয় হিসেবে গণ্য হয়।

সংশোধিত বিধানানুযায়ী কোন কর্মচারীকে পারকুইজিট হিসেবে পরিশোধিত অর্থের পরিমাণ ১০ লক্ষ টাকার অতিরিক্ত হলে তা অননুমোদিত ব্যয় হিসেবে গণ্য হবে।

১১.২ Explanation-2 বিলোপ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 30 এর Explanation-2 বিলোপ করা হয়েছে।

১২। section 32 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 32 সংশোধন করা হয়েছে।

১২.১ অ্যামালগ্যামেশন স্কিমের করারোপযোগ্যতা

section 32 এর sub-section (5) এরপর নূতন sub-section (5A) সন্নিবেশিত হয়েছে।

সন্নিবেশিত বিধানানুযায়ী, section 2 এ সংজ্ঞায়িত অ্যামালগ্যামেশন স্কিম এর অধীনে মূলধনী পরিসম্পদের হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী আয় section 31 এর আওতায় করারোপযোগ্য হবে না।

তবে, অ্যামালগ্যামেশন স্কিম এর অধীনে অ্যামালগ্যামেটিং কোম্পানির শেয়ারধারীগণ অ্যামালগ্যামেটেড কোম্পানির শেয়ার ব্যতীত অন্যকোন প্রকারে কোন পণ (consideration) গ্রহণ করলে তা করযোগ্য আয় হিসেবে পরিগণিত হবে এবং প্রযোজ্য হারে করারোপিত হবে।

১২.২ সরকারি সিকিউরিটিজ এবং পাবলিক কোম্পানির স্টকস্ ও শেয়ার হস্তান্তর হতে অর্জিত মূলধনী আয় করযোগ্য

বিদ্যমান section 32 এর sub-section (7) অনুযায়ী, সরকারি সিকিউরিটিজ এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত পাবলিক কোম্পানির স্টকস্ ও শেয়ার হস্তান্তর হতে অর্জিত মূলধনী আয় section 31 এর আওতায় করারোপিত হয় না।

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 32 এর sub-section (7) বিলোপের ফলে সরকারি সিকিউরিটিজ এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত পাবলিক কোম্পানির স্টকস্ ও শেয়ার হস্তান্তর হতে অর্জিত মূলধনী আয় করযোগ্য আয় হিসেবে পরিগণিত হবে এবং প্রযোজ্য হারে করারোপিত হবে।

১৩। জয়েন্ট ভেঞ্চার, স্টেট ওনড্ এন্টারপ্রাইজ, বডি কর্পোরেট, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 35 এর sub-section (3) তে উল্লিখিত “the Companies Act, 1919 (VII of 1913) or কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) শব্দগুলির পরিবর্তে “clause (20) of section 2” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হয়েছে।

ফলে কোম্পানি আইনে সংজ্ঞায়িত কোম্পানির পরিবর্তে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 2(20) তে সংজ্ঞায়িত কোম্পানীসমূহকে আয়কর রিটার্নের সাথে নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ দাখিল করতে হবে।

অর্থাৎ the Companies Act, 1919 (VII of 1913) or কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এ সংজ্ঞায়িত সকল কোম্পানির পাশাপাশি জয়েন্ট ভেঞ্চারসহ সকল প্রকার স্টেট ওনড্ এন্টারপ্রাইজ, সকল বডি কর্পোরেট ও section 2(20) সংজ্ঞায়িত অন্যান্য সত্তা যাদেরকে কোম্পানি হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে তাদের সকলকেই আয়কর রিটার্নের সাথে নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ দাখিল করতে হবে।

১৪। অ্যামালগ্যামেশন স্কিম এ লোকসান ও অবচয়ের সমন্বয় ও জেরটানা

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 42 এর sub-section (7) এরপর sub-section (8) সংযোজন করা হয়।

সংযোজিত বিধানানুসারে, অ্যামালগ্যামেশন স্কিম এর অধীনে গঠিত অ্যামালগ্যামেটেড কোম্পানি অ্যামালগ্যামেটিং কোম্পানির পুঞ্জিভূত লোকসান বা অনিঃশেষিত অবচয় নিজের পুঞ্জিভূত লোকসান বা অনিঃশেষিত অবচয় হিসেবে সমন্বয় করতে পারবে এবং জের টানতে পারবে।

১৫। section 44 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 44 এর sub-section (2) এর clause (b) প্রতিস্থাপন, clause (c) এর সংশোধন এবং sub-section (5) এর clause (a) প্রতিস্থাপন করা হয়।

১৫.১ কর রেয়াতের হারের পরিবর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 44 এর sub-section (2) এর clause (b) প্রতিস্থাপন করা হয়।

প্রতিস্থাপিত বিধানানুসারে, একজন নিবাসী করদাতা বা একজন অনিবাসী বাংলাদেশী করদাতা কর রেয়াতযোগ্য অংকের (eligible amount) উপর ১৫% হারে কর রেয়াত প্রাপ্য হবেন।

তবে, কোন করদাতা section ৭৫ অনুযায়ী যথাসময়ে রিটার্ন দাখিলে ব্যর্থ হলে কর রেয়াতের পরিমাণ রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংকের (eligible amount) ১৫% এর স্থলে ৭.৫% হবে।

১৫.২ রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount) নির্ধারণ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 44 এর sub-section (2) এর clause (c) এর sub-clause (ii) সংশোধন করা হয়েছে।

সংশোধিত বিধানানুযায়ী, রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount) হবে নিম্নোক্ত তিনটি ক্ষেত্রের মধ্যে যেটি কম-

ক। রেয়াতযোগ্য খাতে করদাতার প্রকৃত বিনিয়োগ/চাঁদার পরিমাণ;

খ। 82C ধারার উপধারা (2) তে বর্ণিত উৎস/উৎসসমূহ হতে প্রাপ্ত আয় বা কর অব্যাহতি প্রাপ্ত আয় বা হ্রাসকৃত করহার প্রযোজ্য এমন আয় থাকলে তা ব্যতীত করযোগ্য মোট আয়ের ২০%;

গ। ১ কোটি টাকা;

১৫.৩ করমুক্ত সুবিধা ও হ্রাসকৃত করহারের সুবিধা প্রাপ্তির সাধারণ শর্তাবলি

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 44 এর sub-section (5) এর clause (a) প্রতিস্থাপন করা হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে, একজন করদাতার সংশ্লিষ্ট করবর্ষের আয়-

ক। করমুক্ত হবেনা; অথবা

খ। হ্রাসকৃত হারে করারোপিত হবেনা

যদি কোন করবর্ষে করদাতা-

ক। ৭৫ ধারানুযায়ী রিটার্ন দাখিলে ব্যর্থ হন; অথবা

খ। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায় এর বিধানাবলি পরিপালনে ব্যর্থ হন; অথবা

গ। যে সকল উৎসের আয় করমুক্ত বা হ্রাসকৃত হারে করযোগ্য সে সকল খাতের সকল প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ করতে ব্যর্থ হন।

তবে সকল প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ করার বাধ্যবাধকতায় নিম্নোক্ত ব্যতিক্রম রয়েছে-

ক। স্বাভাবিক ব্যক্তি করদাতার বার্ষিক মোট প্রাপ্তি ১ কোটি টাকা অতিক্রম না করলে;

খ। করদাতার কৃষি বা ফার্মিং হতে উদ্ভূত আয়ের ক্ষেত্রে।

১৬। section 49 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 49 এর sub-section (1) এ নতুন দুটি clause (zzg) এবং clause (zzh) এর সংযোজন করা হয়েছে। clause দুটিতে অভ্যন্তরীণ নৌযান ও বাণিজ্যিক যানবাহন পরিচালনা হতে উৎসে কর কর্তনের দুটি খাত সংযোজন করা হয়েছে।

১৭। চুক্তি সম্পাদন, পণ্য সরবরাহ (supply of goods), ইত্যাদির পেমেন্টের বিপরীতে উৎসে কর কর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52 এর sub-section (1) এর proviso (a) ও proviso (bb) প্রতিস্থাপন করা হয়েছে এবং sub-section (2) এর clause (a) এর আইটেম নং (xvi) প্রতিস্থাপিত হয়েছে এবং নতুন আইটেম (xvii) সংযোজিত হয়েছে।

১৭.১ PSR (proof of submission of return) দাখিলের ব্যর্থতায় উৎসে কর কর্তনের হার ৫০% বৃদ্ধি

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52 এর sub-section (1) এর proviso (a) প্রতিস্থাপন করা হয়েছে।

বিদ্যমান বিধানানুসারে payee বা প্রাপক section ৫২ অনুযায়ী কর কর্তন প্রযোজ্য হয় এমন কোন payment গ্রহণকালে টিআইএন দাখিলে ব্যর্থ হলে প্রযোজ্য করহারের অতিরিক্ত ৫০% করহার প্রযোজ্য হয়।

প্রতিস্থাপিত বিধানানুসারে payee বা প্রাপক section 52 অনুযায়ী কর কর্তন প্রযোজ্য হয় এমন কোন payment গ্রহণকালে PSR দাখিলে ব্যর্থ হলে প্রযোজ্য করহারের অতিরিক্ত ৫০% করহার প্রযোজ্য হবে।

১৭.২ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে payment গ্রহণের ব্যর্থতায় উৎসে কর কর্তনের হার ৫০% বৃদ্ধি

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52 এর sub-section (1) এর proviso (bb) প্রতিস্থাপন করা হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে payee বা প্রাপক section 52 অনুযায়ী কর কর্তন প্রযোজ্য হয় এমন কোন payment ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ না করলে প্রযোজ্য করহারের অতিরিক্ত ৫০% করহার প্রযোজ্য হবে।

১৭.৩ Specified Person হিসেবে নূতন অন্তর্ভুক্তি

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52 এর sub-section (2) এর clause (a) এর আইটেম নং (xvi) প্রতিস্থাপিত হয়েছে এবং নূতন আইটেম (xvii) সংযোজিত হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে, বার্ষিক ১ কোটি টাকার উর্ধ্বে টার্নওভার রয়েছে এমন হোটেল, রিসোর্ট, কমিউনিটি সেন্টার এবং ট্রান্সপোর্ট এজেন্সী ১ জুলাই ২০২২ হতে Specified Person হিসেবে উৎসে কর কর্তন/সংগ্রহ এবং সরকারি কোষাগারে জমা করবে।

এছাড়াও, সংযোজিত নূতন আইটেম (xvii) এর মাধ্যমে কৃত্রিম ব্যক্তিসত্তাকে Specified Person হিসেবে গণ্য করা হয়েছে।

১৭.৪ Rule 16 সংশোধন

এস.আর.ও নং ১৫৫-আইন/আয়কর/২০২২, তারিখঃ ২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে Rule 16 সংশোধন করা হয়েছে। Rule 16 এর sub-rule (1) এর clause (b) তে প্রদত্ত table-2 এর-

- (i) দ্বিতীয় কলামের শিরোনামে উল্লিখিত “amount” শব্দটির পরিবর্তে “description” শব্দটি প্রতিস্থাপন করা হয়েছে;
- (ii) serial no. 1 এর দ্বিতীয় কলামে উল্লিখিত বাক্যের শেষে “companies” শব্দটির পর “engaged in marketing of petroleum oil and lubricant” শব্দগুলি সংযোজিত হয়েছে;
- (iii) serial no. 6 এর দ্বিতীয় কলামে উল্লিখিত বাক্যে “cement, iron or iron products” শব্দগুলি ও কমার পর “, ferro alloy products” কমা ও শব্দগুলি সন্নিবেশিত হয়েছে; ফলে ferro alloy products এর সরবরাহের বিপরীতে করহার অন্যান্য iron or iron products এর মতো ২% হবে।
- (iv) serial no. 9 এরপর serial no. 10, 11 এবং 12 সংযোজিত হয়েছে। সংযোজিত বিধানানুসারে-
 - অ। সরকার, সরকারি কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সংস্থা, সংযুক্ত দপ্তর বা অধিদপ্তরসমূহ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বই সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ৩%;
 - আ। ড্রেডারের নিকট ট্রেডিং পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ৫%;এবং

ই। উৎপাদক বা ম্যানুফেকচারারের নিকট কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ৪% নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে, কাঁচামাল বলতে এমন সকল উপকরণ বুঝাবে যা কোন উৎপাদিত পণ্যের মৌলিক উপকরণ এবং যা পরিবর্তিত বা রূপান্তরিত হয়ে সম্পূর্ণ নূতন পণ্য তৈরী করে। যেমন- চিনি, দুধ, ফ্লেভার ইত্যাদি আইসক্রিম তৈরীর কাঁচামাল হিসেবে গণ্য হবে। তবে, আইসক্রিমের কাপ, লেভেল, প্যাকেট বা বক্স কাঁচামাল হিসেবে গণ্য হবে না।

১৮। সেবার পেমেন্টের বিপরীতে উৎসে কর কর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52AA এর sub-section (1) প্রতিস্থাপন করা হয়েছে।

১৮.১ সেবার বিপরীতে উৎসে কর কর্তনের হার

প্রতিস্থাপিত বিধানানুযায়ী, কোন Specified Person কর্তৃক section 52AA তে বর্ণিত সেবা প্রদানের বিপরীতে কোন নিবাসীকে অর্থ পরিশোধের ক্ষেত্রে payment এর উপর নিম্নবর্ণিত হারে উৎসে কর কর্তন করতে হবে:

| SL. No | Description of service and payment | Rate |
|--------|--|-----------|
| 1. | Advisory or consultancy service | 10% |
| 2. | (i) Professional service; (ii) technical services fee; or (iii) technical assistance fee. | 10% |
| 3. | (i) Catering service; (ii) Cleaning service; (iii) Collection and recovery service; (iv) Private security service; (v) Manpower supply service; (vi) Creative media service; (vii) Public relations service; (viii) Event management service; | 10% 2% |

| SL. No | Description of service and payment | Rate |
|---------------|--|--------------|
| | (ix) Training, workshop, etc. organization and management service; (x) Courier service; (xi) Packing and Shifting service; (xii) Any other service of similar nature- (a) on commission or fee (b) on gross bill amount | |
| 4. | Media buying agency service (a) on commission or fee (b) on gross bill amount | 10% 0.65% |
| 5. | Indenting commission | 8% |
| 6. | Meeting fees, training fees or honorarium | 10% |
| 7. | Mobile network operator, technical support service provider | 12% |
| 8. | Credit rating service | 10% |
| 9. | Motor garage or workshop | 8% |
| 10. | Private container port or dockyard service | 8% |
| 11. | Shipping agency commission | 8% |
| 12. | Stevedoring/berth operator /terminal operator/Ship handling operator - (a) on commission or fee (b) on gross bill amount | 10% 5% |
| 13. | (i) Transport service, carrying service, vehicle rental service, Repair and maintenance service; | 5% |

| SL. No | Description of service and payment | Rate |
|--------|--|------|
| | (ii) Any other service under any sharing economy platform including ride sharing service, coworking space providing service and accommodation providing service; | |
| 14. | Wheeling charge for electricity transmission | 3% |
| 15. | Internet Service | 10% |
| 16. | Service delivery agents engaged in mobile financial services or channel partners of mobile financial services | 10% |
| 17. | Any other service which is not mentioned in Chapter VII of this Ordinance and is not a service provided by any bank, insurance, mobile financial services or financial institutions. | 10% |

১৮.২ PSR দাখিলের ব্যর্থতায় উৎসে কর কর্তনের হার ৫০% বৃদ্ধি

বিদ্যমান বিধানানুসারে payee বা প্রাপক section 52AA অনুযায়ী কর কর্তন প্রযোজ্য হয় এমন কোন payment গ্রহণকালে টিআইএন দাখিলে ব্যর্থ হলে প্রযোজ্য করহারের অতিরিক্ত ৫০% করহার প্রযোজ্য হয়।

প্রতিস্থাপিত বিধানানুসারে payee বা প্রাপক section 52AA অনুযায়ী কর কর্তন প্রযোজ্য হয় এমন কোন payment গ্রহণকালে PSR (proof of submission of retrun) দাখিলে ব্যর্থ হলে প্রযোজ্য করহারের অতিরিক্ত ৫০% করহার প্রযোজ্য হবে।

১৮.৩ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে payment গ্রহণের ব্যর্থতায় উৎসে কর কর্তনের হার ৫০% বৃদ্ধি

প্রতিস্থাপিত বিধানানুসারে payee বা প্রাপক section 52AA অনুযায়ী কর কর্তন প্রযোজ্য হয় এমন কোন payment ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ না করলে প্রযোজ্য করহারের অতিরিক্ত ৫০% করহার প্রযোজ্য হবে।

১৯। Bangladeshi flag carrier ocean going ship দ্বারা বিদেশী মুদ্রায় অর্জিত ব্যবসায় আয় হতে উৎসে কর কর্তন প্রযোজ্য না হওয়া

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52Q তে সংশোধন আনীত হয়েছে। section 52Q এর দ্বিতীয় proviso এর proviso (ii) তে উল্লিখিত “paragraph 48” শব্দ ও সংখ্যার পর “and 61” শব্দ ও সংখ্যা সন্নিবেশিত হয়েছে।

সংশোধিত বিধানানুসারে, Bangladeshi flag carrier ocean going ship দ্বারা বিদেশী মুদ্রায় অর্জিত ব্যবসায় আয় ব্যাংকিং চ্যানেলে বাংলাদেশে আনীত হলে section 52Q এর অধীনে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

২০। পণ্যের এক্সপোর্ট প্রসিড হতে উৎসে কর কর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 53BB প্রতিস্থাপন করা হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে, কোন ব্যাংক যার মাধ্যমে কোন পণ্য রপ্তানিকারক রপ্তানিকৃত পণ্যের এক্সপোর্ট প্রসিড গ্রহণ করেন সে ব্যাংক রপ্তানিকারকের ব্যাংক হিসেবে এক্সপোর্ট প্রসিড ক্রেডিট করার পূর্বে এক্সপোর্ট প্রসিড হতে ১% হারে উৎসে কর কর্তন পূর্বক সরকারি কোষাগারে করদাতার নামে অগ্রিম আয়কর হিসেবে জমা প্রদান করবে।

যদি কোন রপ্তানিকারক আংশিক বা সম্পূর্ণরূপে করমুক্ত হন তবে তিনি জাতীয় রাজস্ব বোর্ডে সে মর্মে আবেদন করবেন। করদাতার আবেদনের প্রেক্ষিতে বোর্ড করদাতার উপর প্রযোজ্য করহার সম্পর্কিত একটি প্রত্যয়নপত্র প্রদান করবে। জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যয়নপত্রে উল্লিখিত হারে কর কর্তন পূর্বক অবশিষ্ট এক্সপোর্ট প্রসিড করদাতার ব্যাংক হিসেবে জমা করতে হবে।

ব্যাংক জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যয়নপত্র ব্যতীত কোন করদাতার এক্সপোর্ট প্রসিড হতে হাসকৃত হারে বা বিনা কর্তনে কোন এক্সপোর্ট প্রসিড করদাতার ব্যাংক হিসেবে ক্রেডিট করতে পারবে না।

২১। section 53BBBB এর বিলোপ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 53BBBB বিলুপ্ত করা হয়েছে।

২২। সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 53F প্রতিস্থাপন করা হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে savings deposit, fixed deposits, etc. হতে উৎসে কর কর্তনের ক্ষেত্রে নিম্নরূপ বিধান করা হয়েছে-

- ক। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অথবা দেশে বলবৎ অন্যান্য আইনে যা কিছু থাকুক না কেন savings deposit, fixed deposits, etc. হতে উৎসে কর কর্তনের ক্ষেত্রে section 53F এর বিধান প্রাধান্য পাবে।
- খ। কোন নিবাসী ব্যক্তিকে কোন ব্যাংক, কো-অপারেটিভ ব্যাংক, ইসলামী নীতি মোতাবেক পরিচালিত কোন ব্যাংক, নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান, কোন লিজিং কোম্পানি অথবা কোন হাউজিং ফাইন্যান্স কোম্পানি savings deposit, fixed deposits বা কোন term deposit এর বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।
- গ। সুদ বা মুনাফা পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সুদ বা মুনাফা কোন ব্যক্তির হিসাবে ক্রেডিটের সময় অথবা সুদ বা মুনাফা পরিশোধের সময়, যা পূর্বে ঘটে, নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা করবেন-

| Sl. No. | Types of the payee | Rate |
|---------|--|------|
| 1. | Where the payee is a company | 20% |
| 2. | Where the payee is a person other than a company | 10% |
| 3. | Where the payee is a public university, or an educational institution whose teachers are enlisted for Monthly Pay Order (MPO), following the curriculum approved by the Government and whose governing body is also formed as per Government rules or regulations, or any professional institute established under any law and run by professional body of Chartered Accountants, Cost and Management Accountants or Chartered Secretaries | 10% |
| 4. | Where the payee is recognized provident fund, approved gratuity fund, approved superannuation fund or pension fund | 5% |

- ঘ। সুদ বা মুনাফার প্রাপক PSR দাখিলে ব্যর্থ হলে ৫০% বেশি উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।
- ঙ। নাবালকের ক্ষেত্রে নাবালকের মাতাপিতার PSR নাবালকের PSR হিসেবে গণ্য হবে।
- চ। সরকারের স্পনসর রয়েছে এমন অথবা সরকারের পূর্বানুমোদনক্রমে কোন ব্যাংক কর্তৃক চালুকৃত Deposit Pension Scheme এর সুদ বা মুনাফা হতে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। এখানে উল্লেখ্য, এটি অবশ্যই Pension Scheme হতে হবে।
- ছ। জাতীয় রাজস্ব বোর্ড সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা কোন ব্যক্তিকে বা ব্যক্তি শ্রেণিকে এ ধারার অধীনে উৎসে কর কর্তন হতে অব্যাহতি দিতে পারবে।

২৩। স্থাবর সম্পত্তির লিজ বা ইজারা হতে উৎসে কর সংগ্রহ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 53HH প্রতিস্থাপন করা হয়েছে। যেকোন ধরনের স্থাবর সম্পত্তির লিজ বা ইজারা হতে উৎসে কর সংগ্রহের উদ্দেশ্যে এ বিধানের প্রতিস্থাপন করা হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে-

- ক। The Registration Act, 1908 (XVI of 1908) এর অধীনে স্থাবর সম্পত্তির লিজ বা ইজারা দলিল রেজিস্ট্রেশন হতে হবে;
- খ। লিজ বা ইজারার মেয়াদ অনূন্য ১০ বছর হতে হবে;
- গ। ইজারাদারকে উক্ত সম্পত্তির ইজারামূল্যের উপর ৪% উৎসে কর পরিশোধ করতে হবে;
- ঘ। রেজিস্ট্রেশনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কর পরিশোধিত না হলে ইজারা দলিল রেজিস্ট্রেশন করবেন না।

২৪। জলাধারের ভাড়া মূল্যের উপর উৎসে কর কর্তন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 53J সংশোধন করা হয়েছে। section 53J এর উপান্তটীকায় উল্লিখিত “rental value of” শব্দগুলির পর “water body or” শব্দগুলি সন্নিবেশিত হয়েছে এবং sub-section (1) এ উল্লিখিত “on accounting of renting” শব্দগুলির পর “water body not being government property” শব্দগুলি সন্নিবেশিত হয়েছে।

ফলে, সরকারি সম্পত্তি নয় এমন সকল জলাধারের ভাড়া মূল্যের উপর ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

২৫। বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হতে উৎসে অগ্রিম কর সংগ্রহ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে section 53Q সংযোজন করা হয়েছে। উক্ত ধারা সংযোজনের মাধ্যমে বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান হতে উৎসে অগ্রিম কর সংগ্রহের বিধান করা হয়েছে।

সংযোজিত বিধানানুসারে-

ক। নিম্নোক্ত মোটরযানসমূহের রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি মোটরযানের রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়ন করবেন না যদি না নির্ধারিত/পরিগণিত হারে অগ্রিম কর পরিশোধের চালানের কপি আবেদনের সাথে সংযুক্ত করা হয়-

| Serial No. | Description of the vehicle | Rate (in taka) |
|------------|--|----------------|
| 1. | Bus having seats exceeding 52 | 16,000/- |
| 2. | Bus having seats not exceeding 52 | 11,500/- |
| 3. | Air conditioned Bus | 37,500/- |
| 4. | Double decker Bus | 16,000/- |
| 5. | Air conditioned (AC) Minibus/Coaster | 16,000/- |
| 6. | Non-AC Minibus/Coaster | 6,500/- |
| 7. | Prime mover | 24,000/- |
| 8. | Truck, Lorry or Tank Lorry having payload capacity exceeding five tons | 16,000/- |
| 9. | Truck, Lorry or Tank Lorry having payload capacity exceeding one and half tons but not exceeding five tons | 9,500/- |
| 10. | Truck, Lorry or Tank Lorry having payload capacity not exceeding one and half tons | 4,000/- |
| 11. | Pickup van, human hauler, maxi or auto rickshaw | 4,000/- |
| 12. | Air conditioned Taxicab | 11,500 |

| Serial No. | Description of the vehicle | Rate (in taka) |
|------------|----------------------------|----------------|
| 13. | Non-AC Taxicab | 4,000/- . |

খ। একাধিক বছরের জন্য রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়ন করা হলে যে অর্থ বছরে রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়ন করা হয়েছে তারপরের অর্থবছরগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্য হারে অগ্রিম কর সংগ্রহ করতে হবে।

গ। যেক্ষেত্রে কোনো করদাতা sub-section (2) অনুযায়ী অগ্রিম কর পরিশোধে ব্যর্থ হন সেক্ষেত্রে পরবর্তী রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়নকালে A+B নিয়মানুযায়ী অগ্রিম করের হার নির্ধারিত হবে, যেখানে-

A= বিগত বছর বা বছরগুলোতে অপরিশোধিত অগ্রিম করের পরিমাণ

B= যে বছরে করদাতা অগ্রিম কর পরিশোধ করছেন সে অর্থবছরের জন্য sub-section (1) অনুযায়ী নির্ধারিত অগ্রিম করের পরিমাণ।

ঘ। এই ধারার অধীনে অগ্রিম কর সংগ্রহ করতে হবে না যদি মোটরযান নিম্নোক্ত ব্যক্তি বা সত্তার মালিকানাধীন হয়-

অ। সরকার বা স্থানীয় সরকার;

আ। সরকারের বা স্থানীয় সরকারের প্রজেক্ট, প্রোগ্রাম বা অ্যাক্টিভিটি;

ই। বিদেশী কূটনীতিক, কূটনীতিক মিশন, জাতিসংঘ বা তার কোন অফিস;

ঈ। বাংলাদেশে উন্নয়ন সহযোগী সংস্থা বা তার সংশ্লিষ্ট (affiliated) অফিস;

উ। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান;

ঊ। পাবলিক বিশ্ববিদ্যালয়;

ঋ। অন্যকোন প্রতিষ্ঠান যা বোর্ড হতে এ ধারার অধীনে কর সংগ্রহ প্রযোজ্য হবে না মর্মে প্রত্যয়নপত্র গ্রহণ করেছে।

২৬। section 53R সংযোজন- অভ্যন্তরীণ নৌযান হতে উৎসে কর সংগ্রহ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে section 53R সংযোজন করা হয়েছে। উক্ত ধারা সংযোজনের মাধ্যমে অভ্যন্তরীণ নৌযান হতে উৎসে কর সংগ্রহের বিধান করা হয়েছে।

সংযোজিত বিধানানুযায়ী The Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976) এর অধীনে সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়ন করবেন না যদি না-

ক। সার্ভে সার্টিফিকেট প্রাপ্তি বা সার্ভে সার্টিফিকেট নবায়নের আবেদনের সাথে নিম্নোক্ত হারে নির্ধারিত/পরিগণিত অগ্রিম কর জমার চালান আবেদনের সাথে সংযুক্ত করা হয়-

| Serial No. | Description of Vessel | Rate |
|------------|---|---|
| (1) | (2) | (3) |
| 1. | Inland ships engaged in carrying passengers in inland water | Taka 125 per passenger (carrying capacity of an inland ship shall be the capacity of daytime plying in smooth waters) |
| 2. | Cargo, Container (multipurpose) and Coaster engaged in carrying goods in inland water | Taka 170 per gross tonnage |
| 3. | Dump barge engaged in carrying goods in inland water | Taka 125 per gross tonnage. |

খ। একাধিক বছরের জন্য সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়ন করে হলে যে অর্থ বছরে সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়ন করা হয়েছে তারপরের অর্থবছরগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্য হারে অগ্রিম কর সংগ্রহ করতে হবে।

গ। যেক্ষেত্রে কোনো করদাতা sub-section (2) অনুযায়ী অগ্রিম কর পরিশোধে ব্যর্থ হন সেক্ষেত্রে পরবর্তী সার্ভে সার্টিফিকেট প্রদান বা সার্ভে সার্টিফিকেট নবায়নকালে A+B নিয়মানুযায়ী অগ্রিম করের হার নির্ধারিত হবে, যেখানে-

A= বিগত বছর বা বছরগুলোতে অপরিশোধিত অগ্রিম করের পরিমাণ

B= যে বছরে করদাতা অগ্রিম কর পরিশোধ করছেন সে অর্থবছরের জন্য sub-section (1) অনুযায়ী নির্ধারিত অগ্রিম করের পরিমাণ।

এখানে উল্লেখ্য, এ ধারায় “Inland Ship” এবং “Inland Water” বলতে The Inland Shipping Ordinance, 1976 (Ordinance No. LXXII of 1976) এ সংজ্ঞায়িত “Inland Ship” এবং “Inland Water” কে বুঝাবে।

২৭। section 56 সংশোধন- ব্যাল্ডউইদ পেমেন্ট এবং অন্যান্য পেমেন্টের উপর উৎসে কর কর্তনের হার

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 56 সংশোধন করা হয়েছে। section 56 এর উপধারা (1) এর টেবিল-১ সংশোধনের মাধ্যমে নিম্নোক্ত পরিবর্তনসমূহ আনা হয়েছে-

ক। ব্যাল্ডউইদ বাবদ পেমেন্ট হতে ১০% হারে উৎস কর কর্তন করতে হবে;

খ। section 56 এর উপধারা (1) এর টেবিল-১ এ বর্ণিত হয়নি এমন অন্যান্য সকল পেমেন্টের ক্ষেত্রে ২০% হারে উৎসে কর কর্তন করতে হবে।

২৮। section 57 প্রতিস্থাপন- কর্তন, সংগ্রহ, ইত্যাদির ব্যর্থতার ফলাফল

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 57 প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধানানুসারে উৎসে কর কর্তন, সংগ্রহ, জমাসহ ৭ম অধ্যায়ের বিধানাবলির পরিপালনের ক্ষেত্রে কোন ব্যক্তির বা প্রতিষ্ঠানের দায় সুনির্দিষ্ট করা হয়েছে। উৎসে কর কর্তন, সংগ্রহ, জমাসহ ৭ম অধ্যায়ের বিধানাবলির পরিপালনের ব্যর্থতায় স্বাভাবিক ব্যক্তি ও প্রতিষ্ঠানের যৌথ ও পৃথক দায়ের (joint and several liability) বিধান করা হয়েছে। অর্থাৎ ক্ষেত্রবিশেষে স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিবর্গ এবং প্রতিষ্ঠান পৃথক পৃথকভাবে ও যৌথভাবে খেলাপী করদাতা (assessee in default) হবেন।

২৮.১ খেলাপী করদাতা ও জরিমানা পরিশোধ

sub-section (1) অনুযায়ী একজন স্বাভাবিক ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নোক্ত কারণে খেলাপী করদাতা হতে পারেন-

ক। ৭ম অধ্যায়ের বিধানাবলি অনুসারে কর কর্তন বা সংগ্রহের ব্যর্থতায়;

খ। কমহারে বা কম পরিমাণে কর কর্তন বা সংগ্রহের কারণে;

গ। কর্তন বা সংগ্রহের পর তা সরকারি কোষাগারে জমা না দেওয়া বা পরিমাণে কম জমা দেওয়ার কারণে; অথবা

ঘ। ৭ম অধ্যায়ের অন্যকোন বিধানাবলি পরিপালনের ব্যর্থতায়।

কোন স্বাভাবিক ব্যক্তি বা প্রতিষ্ঠান খেলাপী করদাতা হলে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য বিধানানুযায়ী ব্যবস্থা গ্রহণ ছাড়াও তাকে নিম্নোক্ত অংক পরিশোধ করার জন্য দায়ী করা যাবে-

- ক। যে পরিমাণ উৎসে কর কর্তন বা সংগ্রহ করা হয়নি;
- খ। যে পরিমাণ উৎসে কর কম কর্তন বা সংগ্রহ করা হয়েছে;
- গ। উৎসে কর কর্তনের পর যে পরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হয়নি; অথবা
- ঘ। অন্যকোন বিধানাবলি পরিপালনের ব্যর্থতায় সর্বোচ্চ ১০ লক্ষ টাকা জরিমানা।

২৮.২ অতিরিক্ত অংক পরিশোধ

sub-section (2) ও (3) অনুসারে, খেলাপী করদাতাকে উৎসে কর কর্তন বা সংগ্রহের নির্ধারিত তারিখ (due date) হতে সরকারি কোষাগারে জমা দেয়ার তারিখ পর্যন্ত সর্বোচ্চ ২৪ মাসের জন্য নিম্নোক্ত টেবিল মোতাবেক অতিরিক্ত মাসিক ২% হারে অর্থ পরিশোধ করতে হবে-

| ক্রঃ নং | ক্ষেত্রসমূহ | অতিরিক্ত পরিগণনার ভিত্তি | অর্থ | অতিরিক্ত পরিগণনার কাল | অর্থ সময় |
|---------|---|---|------|--|--------------|
| ১। | ৭ম অধ্যায়ের বিধানাবলি অনুসারে কর কর্তন বা সংগ্রহের ব্যর্থতা | যে পরিমাণ উৎসে কর কর্তন বা সংগ্রহ করা হয়নি | | কর কর্তন বা সংগ্রহের নির্ধারিত তারিখ হতে সরকারি কোষাগারে জমা দেয়ার তারিখ পর্যন্ত | |
| ২। | কমহারে বা কম পরিমাণে কর কর্তন বা সংগ্রহ | যে পরিমাণ উৎসে কর কম কর্তন বা সংগ্রহ করা হয়েছে | | ঐ | |
| ৩। | কর্তন বা সংগ্রহের পর তা সরকারি কোষাগারে জমা না | উৎসে কর কর্তনের পর যে পরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হয়নি | | ঐ | |

| | | | |
|--|------------------------------------|--|--|
| | দেওয়া বা পরিমাণে কম জমা দেওয়া | | |
|--|------------------------------------|--|--|

২৮.৩ শুনানীর সুযোগ

sub-section (4) অনুসারে, উপ-কর কমিশনার sub-section (1) ও sub-section (2) এর বিধানাবলি কার্যকর করার ক্ষেত্রে করদাতা পর্যাপ্ত শুনানীর সুযোগ নিশ্চিত করবেন।

২৮.৪ সরকার, সরকারি প্রতিষ্ঠান, কর্তৃপক্ষ, প্রজেক্ট, প্রোগ্রাম, সংস্থা, ইউনিট, কর্মকান্ড বা কর্পোরেশনের ক্ষেত্রে দায় নির্ধারণ

যেক্ষেত্রে সরকার, সরকারি প্রতিষ্ঠান, কর্পোরেশন, কর্তৃপক্ষ, প্রজেক্ট, প্রোগ্রাম, সংস্থা, ইউনিট বা সরকারের আর্থিক বা পরিচালনগত সংশ্লিষ্টতা রয়েছে এমন কোন কর্মকান্ড উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত সেক্ষেত্রে-

ক। পেমেন্টের অনুমোদন বা অনুমতির জন্য দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ; অথবা

খ। ছাড়পত্র, রেজিস্ট্রেশন, লাইসেন্স, পারমিট ইত্যাদি প্রদান, অনুমোদন বা অনুমতি দানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ

এ ধারার অধীনে কর, জরিমানা ও অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য যৌথভাবে ও পৃথকভাবে দায়ী হবেন। অর্থাৎ যেক্ষেত্রে একাধিক ব্যক্তি জড়িত থাকবেন সেক্ষেত্রে একাধিক ব্যক্তির নিকট হতে যৌথভাবে অর্থ আদায় করা যাবে এবং যেকোন একজন ব্যক্তি হতেও সম্পূর্ণ অর্থ আদায় করা যাবে।

২৮.৫ সরকার, সরকারি প্রতিষ্ঠান, কর্পোরেশন, কর্তৃপক্ষ, প্রজেক্ট, প্রোগ্রাম, সংস্থা, ইউনিট বা সরকারি কর্মকান্ড ব্যতীত অন্যান্য ক্ষেত্রে দায় নির্ধারণ

সরকার, সরকারি প্রতিষ্ঠান, কর্পোরেশন, কর্তৃপক্ষ, প্রজেক্ট, প্রোগ্রাম, সংস্থা, ইউনিট বা সরকারি কর্মকান্ড ব্যতীত অন্যান্য ক্ষেত্রে উৎসে কর কর্তন বা সংগ্রহের জন্য-

ক। প্রতিষ্ঠান নিজে; অথবা

খ। পেমেন্টের অনুমোদন বা অনুমতি দানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণ

এ ধারার অধীনে কর, জরিমানা ও অতিরিক্ত অর্থ পরিশোধের জন্য যৌথভাবে ও পৃথকভাবে দায়ী হবে। অর্থাৎ এ ক্ষেত্রে প্রতিষ্ঠান ও স্বাভাবিক ব্যক্তি বা ব্যক্তিগণের নিকট হতে যৌথভাবে অর্থ আদায় করা যাবে এবং যেকোন একজন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতেও সম্পূর্ণ অর্থ আদায় করা যাবে।

২৮.৬ পেমেন্ট গ্রহণকারী বা প্রাপক কর্তৃক কর পরিশোধ

পেমেন্ট গ্রহণকারী অর্থাৎ যার নিকট হতে কর কর্তন বা সংগ্রহপূর্বক সরকারি কোষাগারে জমার বিধান রয়েছে, তিনি এ ধারার অধীনে সৃষ্ট দাবী আদায়ের পূর্বেই প্রযোজ্য সমুদয় কর পরিশোধ করলে, sub-section (1) এর অধীনে অর্থ আদায় করা যাবে না।

উদাহরণ-১

ধরা যাক, একটি প্রকল্পের মাধ্যমে ঢাকা হতে তামাবিল সীমান্ত পর্যন্ত একটি ৮ লেন সড়ক নির্মাণ হচ্ছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায় অনুযায়ী এই প্রকল্পের বিভিন্ন পরিশোধ (পেমেন্ট) হতে উৎসে কর কর্তন বা সংগ্রহের বিধান রয়েছে। যদি দেখা যায় যে, বিভিন্ন ধরনের পরিশোধ বা পেমেন্ট হতে নির্ধারিত সময়ে-

ক। ৭ম অধ্যায়ের বিধানাবলি অনুসারে কর কর্তন বা সংগ্রহ করা হয়নি; অথবা

খ। কমহারে বা কম পরিমাণে কর কর্তন বা সংগ্রহ হয়েছে; অথবা

গ। কর্তন বা সংগ্রহের পর তা সরকারি কোষাগারে জমা না দেওয়া বা পরিমাণে কম জমা দেওয়া হয়েছে; অথবা

ঘ। ৭ম অধ্যায়ের অন্যকোন বিধান পরিপালিত হয়নি;

তাহলে, উক্ত প্রকল্পের পেমেন্ট অনুমোদনকারী বা পেমেন্টের জন্য অনুমতিদানকারীগণ যৌথ ও পৃথকভাবে section 57 অনুযায়ী কর, অতিরিক্ত অংক বা জরিমানা পরিশোধের জন্য দায়ী থাকবেন। অর্থাৎ তাদের সকলের নিকট হতে সমুদয় অর্থ আদায় করা যাবে অথবা তাদেরকে ব্যক্তিগতভাবে সমুদয় অর্থ পরিশোধের জন্য দায়ী করা যাবে।

এখানে উল্লেখ্য, সরকারি রাজস্ব আদায়ে এ ধারার বিধানের বাইরেও অন্যান্য বিধানের অধীনে এবং অন্যান্য আইনের অধীনে কার্যক্রম গ্রহণ করা যাবে।

তবে, এ ধারার অধীনে দাবী সৃষ্টির পূর্বে দায়ী ব্যক্তিকে বা ব্যক্তিগণকে পর্যাপ্ত শুনানীর সুযোগ নিশ্চিত করতে হবে। যেক্ষেত্রে পেমেন্ট গ্রহণকারী নিজেই প্রযোজ্য অর্থ পরিশোধ করে দিয়েছে সেক্ষেত্রে এ ধারার অধীনে আদায় কার্যক্রম বন্ধ করতে হবে।

উদাহরণ-২

ধরা যাক, ব্যাংক 'ও' তার একজন কাস্টমারের একটি পেমেন্ট একজন অনিবাসী ব্যক্তির বরাবরে বিদেশ প্রেরণ করবে। অনিবাসী ব্যক্তি বা তার প্রতিনিধি দাবী করেন যে তার এ পেমেন্ট বাংলাদেশে করমুক্ত। তিনি এর সপক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের কোন প্রত্যয়নপত্র উপস্থাপন করেননি। তথাপি ব্যাংক অনিবাসী বা তার প্রতিনিধির বক্তব্যে সন্তুষ্ট হয়ে উৎসে কর কর্তন ব্যতিরেকে অনিবাসীর অনুকূলে বিদেশে অর্থ প্রেরণ করে। এক্ষেত্রে পরবর্তী কালে যদি দেখা যায় যে, অনিবাসীর ঐ আয় করমুক্ত ছিল সেক্ষেত্রে section 56 এর বিধান পরিপালনের ব্যর্থতায়

section 57 এর আওতায় ব্যাংক “ও” কে অনূর্ধ্ব ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা পরিশোধ করতে হবে।

উদাহরণ-৩

ধরা যাক, প্রতিষ্ঠান ‘ঋ’ বাংলাদেশে অবস্থিত একটি লিয়াজন অফিস। বাংলাদেশের বিদ্যমান আইনানুযায়ী প্রতিষ্ঠান ‘ঋ’ বাংলাদেশে ব্যবসা পরিচালনা করতে পারবে না। তাই আইনতঃ (যদি কোন প্রকার ব্যতিক্রম পরিলক্ষিত না হয়) তার ব্যবসায় আয় থাকবে না। প্রতিষ্ঠান ‘ঋ’ রিটার্ন দাখিল করলে তার কর নির্ধারণী আদেশে কোন প্রকার ব্যবসা হতে আয় প্রাক্কলন করা হবে না। অর্থাৎ করদাতার জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 28, 29 ও 30 এর প্রযোজ্যতা নেই। তবে প্রতিষ্ঠান ‘ঋ’ এর জন্য ৭ম অধ্যায় মোতাবেক উৎসে কর কর্তন বা সংগ্রহ ও অন্যান্য বিষয়াদি পরিপালনের বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 57 মোতাবেক আইনানুগ কার্যক্রম গ্রহণ করা যাবে এবং প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি হতে কর, জরিমানা বা অতিরিক্ত অংক আদায় করা যাবে।

উদাহরণ-৪

ধরা যাক প্রতিষ্ঠান ‘ঔ’ একটি টেক স্টার্ট-আপ। প্রতিষ্ঠানটি স্টার্ট-আপ স্যান্ডবক্স সুবিধার আওতায় জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধিত। নিবন্ধনের প্রথম পাঁচ বছর স্টার্ট-আপ এর ব্যবসায়িক আয় নিরূপণের ক্ষেত্রে section 30 এর প্রযোজ্যতা নেই। এ ক্ষেত্রে ৭ম অধ্যায় অনুযায়ী উৎসে কর কর্তন বা সংগ্রহের ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 57 মোতাবেক কর, জরিমানা ও অতিরিক্ত অংক আদায়ে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা যাবে।

২৯। section 68B সংশোধন- মোটর কারের সংজ্ঞা

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 68B সংশোধন করা হয়েছে। সংশোধনীর মাধ্যমে sub-section (6) এর clause (a) প্রতিস্থাপিত হয়েছে।

প্রতিস্থাপিত বিধানানুসারে, “মোটর কার” অর্থে জিপ ও মাইক্রোবাস অন্তর্ভুক্ত হবে কিন্তু section 53Q তে বর্ণিত মোটরযানসমূহ ও মোটর সাইকেল অন্তর্ভুক্ত হবে না।

৩০। section 75 এর সংশোধন- রিটার্ন দাখিল

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 75 সংশোধন করা হয়েছে।

৩০.১ রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা

section 75 এর sub-section (1) এর clause (f) প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত clause (f) অনুসারে যে সকল ব্যক্তিকে section 184A অনুযায়ী রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করতে হবে তাদের সকলকে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

৩০.২ রিটার্ন দাখিল যে সকল ক্ষেত্রে বাধ্যতামূলক নয়

section 75 এর sub-section (2) প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত sub-section (2) মোতাবেক নিম্নোক্ত ক্ষেত্রসমূহে রিটার্ন দাখিল বাধ্যতামূলক নয়-

ক। কোন শিক্ষা প্রতিষ্ঠান-

আ। যা এমপিও'র (Monthly Payment Order) আওতায় সরকারি সুবিধা প্রাপ্ত এবং

আ। যার ইংরেজি ভার্শন কারিকুলাম নেই;

খ। সরকারি বিশ্ববিদ্যালয়;

গ। স্বীকৃত ভবিষ্য তহবিল, অনুমোদিত গ্র্যাচুইটি তহবিল, পেনশন তহবিল, অনুমোদিত বার্ষিক্য তহবিল;

ঘ। বাংলাদেশে ফিল্ড বেজ নেই এমন অনিবাসী স্বাভাবিক ব্যক্তি

ঙ। কোন ব্যক্তি শ্রেণি যাদের বোর্ড অফিসিয়াল গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা রিটার্ন দাখিল হতে অব্যাহতি দেবে।

৩১। section 80 সংশোধন- দেশে ও বিদেশে অবস্থিত পরিসম্পদ প্রদর্শন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 80 সংশোধন করা হয়েছে। সংশোধনীর মাধ্যমে section 80 এর sub-section (1) তে উল্লিখিত “in respect of all” শব্দগুলির পর “local and global” শব্দগুলির সন্নিবেশ হয়েছে।

এই সংশোধনীর মাধ্যমে একজন করদাতার পরিসম্পদ দেশে বা বিদেশে যেখানেই অবস্থিত হোক না কেন তা রিটার্নে প্রদর্শনের বিষয়টি আরো সুস্পষ্ট করা হয়েছে।

৩২। section 82C সংশোধন- ন্যূনতম কর

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 82C সংশোধন করা হয়েছে। সংশোধনীর মাধ্যমে section 82C এর sub-section (2) এর clause (b) তে উল্লিখিত “13A” সংখ্যা ও বর্ণ এর পরিবর্তে “14” সংখ্যা প্রতিস্থাপিত হয়েছে। অর্থাৎ পূর্বের মতই section 52AA এর অধীনে wheeling charge for electricity transmission হতে উৎসে কর্তিত বা সংগৃহীত কর ন্যূনতম করদায় হিসেবে পরিগণিত হবে।

নূতন করে section 52Q, 53Q এবং 53R এ ক্লজের অন্তর্ভুক্ত হয়েছে। ফলে উক্ত ধারাসমূহ হতে উৎসে কর্তিত বা সংগৃহীত কর ন্যূনতম করদায় হিসেবে পরিগণিত হবে।

sub-section (2) এর clause (b) এর proviso এর paragraph (ii) তে “beverage concentrate” অন্তর্ভুক্ত করা হয়েছে। section 53 এবং বিধি 17A এর অধীনে beverage concentrate আমদানি পর্যায়ে উৎসে সংগৃহীত কর ন্যূনতম করদায় হিসেবে পরিগণিত হবে।

sub-section (2) এর clause (d) তে “section 53(1)(c) and (2)” শব্দগুলি, বর্ণ, সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “Serial No. 3 and 4 of the Table of section 53F(1)” শব্দগুলি, বর্ণ, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হয়েছে। অর্থাৎ ব্যাংক, কো-অপারেটিভ ব্যাংক, ইসলামী নীতি মোতাবেক পরিচালিত কোন ব্যাংক, নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান, কোন লিজিং কোম্পানি অথবা কোন হাউজিং ফাইন্যান্স কোম্পানি, সরকারি বিশ্ববিদ্যালয়, এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্, কন্স্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস্ এবং চার্টার্ড সেক্রেটারীজ সংস্থা দ্বারা পরিচালিত এবং আইনের অধীনে প্রতিষ্ঠিত পেশাজীবী প্রতিষ্ঠানের savings deposit, fixed deposits বা কোন term deposit এর বিপরীতে কোন সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তনের হার উক্ত সুদ বা মুনাফার করহার হিসেবে গণ্য হবে।

৩৩। section 82D প্রতিস্থাপন- স্পট অ্যাসেসমেন্ট

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 82D প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধানানুসারে নিম্নোক্ত ক্ষেত্রসমূহে স্পট অ্যাসেসমেন্ট বা স্পটে করদায় নির্ধারণ করা যাবে; কোন ব্যক্তির-

ক। করযোগ্য আয় থাকলে;

খ। রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা থাকলে;

গ। এ অধ্যাদেশের কোন বিধানাবলি পরিপালনের বাধ্যবাধকতা থাকলে; অথবা

ঘ। এ অধ্যাদেশের কোন বিধানাবলির কার্যকরণে বা পরিপালনে ব্যর্থ হলে।

দায়িত্ব প্রাপ্ত উপ-কর কমিশনারকে স্পট অ্যাসেসমেন্ট নির্বাহের জন্য ক্ষমতাপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কর কমিশনার তার অধীনস্থ যেকোন উপ-কর কমিশনারকে স্পট অ্যাসেসমেন্ট নির্বাহের জন্য ক্ষমতা প্রদান করবেন। স্পট অ্যাসেসমেন্ট কিরূপে পরিচালিত হবে তার জন্য বোর্ড নির্দেশনা জারী করবে।

কোন স্বাভাবিক ব্যক্তি করদাতার ব্যবসা বা পেশা আয় স্পট অ্যাসেসমেন্টের মাধ্যমে সম্পন্ন হলে এবং করদায় নিয়মিত করহারে নির্ধারিত হলে, সে করদাতার স্পটে নির্ধারিত আয়ের ৫ গুণ পর্যন্ত প্রারম্ভিক পূঁজির উৎস সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাবে না।

৩৪। section 94 সংশোধন- এডিআরের মতৈক্য (agreement) বাস্তবায়নের সময়সীমা

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 94 সংশোধন করা হয়েছে। আনীত সংশোধনীর মাধ্যমে section 152O এর অধীনে উপনীত মতৈক্যের ভিত্তিতে প্রস্তুতকৃত চুক্তিপত্র উপ-কর কমিশনারের নিকট জারীর ৩০ দিনের মধ্যে কার্যকর করতে হবে মর্মে বিধান করা হয়েছে।

৩৫। section 94B সংযোজন- কর নির্ধারনী আদেশ নিয়ে প্রশ্ন উত্থাপনে বাধা

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নূতন section 94B সংযোজন করা হয়েছে। সংযোজিত section 94B এর sub-section (1) অনুযায়ী, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ বা বাংলাদেশে বলবৎ অন্যকোন আইনে যা কিছুই থাকুক না কেন, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 3 এ বর্ণিত কর্তৃপক্ষ এবং অধ্যায় ১৯ এ বর্ণিত কর্তৃপক্ষ-আপীলাত যুগ্ম কর কমিশনার, কর কমিশনার (আপীলাত), আপীলাত ট্রাইব্যুনাল এবং আদালত-সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ ব্যতীত অন্যকোন কর্তৃপক্ষ কর নির্ধারনী আদেশ নিয়ে কোন প্রকার প্রশ্ন উত্থাপন করতে পারবেন না।

sub-section (2) অনুযায়ী, sub-section (1) এর বিধান লঙ্ঘন করে কোন কর্ম সম্পাদিত হলে তা বাতিল ও অকার্যকর বলে গণ্য হবে এবং কোন প্রকার আইনী কার্যকারীতা থাকবেনা।

৩৬। section 100 সংশোধন- ডিরেক্টর কর্তৃক কোম্পানীর দায় পরিশোধ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 100 এর সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধানানুযায়ী কোম্পানীর অবসায়ন ছাড়াও ধারাবাহিকভাবে তিন বছর কোম্পানীর ব্যবসা বন্ধ থাকলে কোম্পানির বকেয়া করদায়ের জন্য পরিচালকবৃন্দ দায়ী হবেন। এক্ষেত্রে কেবলমাত্র বকেয়া করদাবী যে আয়বর্ষ সংশ্লিষ্ট সে আয়বর্ষে যে সকল পরিচালকবৃন্দ কোম্পানিতে ছিলেন তারা যৌথভাবে ও পৃথকভাবে করদাতা হিসেবে গণ্য হবেন এবং বকেয়া করদায় পরিশোধের জন্য দায়বদ্ধ হবেন।

উদাহরণ

ধরা যাক, ২০১৯-২০২০ আয়বর্ষে কোম্পানী 'এ' এর পরিচালক ছিলেন 'ক', 'খ', 'গ', 'ঘ' ও 'ঙ'। ২০২০-২০২১ করবর্ষে কোম্পানির মোট করদায় ৩০ কোটি টাকা। ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবর্ষগুলিতে কোম্পানির ব্যবসায় কার্যক্রম বন্ধ রয়েছে এবং কোম্পানি তার করদায় পরিশোধে ব্যর্থ হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবর্ষে কোম্পানির পাশাপাশি কোম্পানির উক্ত পরিচালকগণ কোম্পানির অপরিশোধিত করদায়ের জন্য যৌথ ও পৃথকভাবে দায়ী হবেন। অর্থাৎ কোম্পানির করদায় কোম্পানির করদায় সংশ্লিষ্ট আয়বর্ষের পরিচালকগণ হতে আদায় করা যাবে।

৩৭। অধ্যায় XIII A সংযোজন- স্টার্টআপ স্যান্ডবক্স

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধ্যায় XIII A এর সংযোজন করা হয়েছে। অধ্যায়ের নাম স্টার্টআপ স্যান্ডবক্স। এই অধ্যায়ে কেবল একটি section- 111A রয়েছে। এই ধারার বিধানাবলিকে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অন্যান্য ধারার উপর প্রাধান্য দেওয়া হয়েছে। ধারার বিধানাবলি নিম্নরূপ-

ক। নিবন্ধিত স্টার্টআপের ব্যবসা বা পেশা আয় নির্ধারণের ক্ষেত্রে গ্রোথবর্ষসমূহে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 30 এবং 30B প্রযোজ্য হবে না।

খ। কোন গ্রোথবর্ষে কোন নিবন্ধিত স্টার্টআপ কোন লোকসান করলে এবং সে লোকসান সেই বর্ষে সমন্বয় না করা গেলে পরবর্তী ৯ বছর পর্যন্ত তার জেরটানা ও সমন্বয় করা যাবে।

গ। গ্রোথবর্ষে কোন নিবন্ধিত স্টার্টআপের জন্য section 82C(4) এর অধীনে ন্যূনতম করহার ০.১% হবে।

ঘ। কোন স্টার্টআপ তার সিস্টেমে বা হিসেবের খতিয়ানে আয়কর কর্তৃপক্ষকে স্থায়ী প্রবেশাধিকার বা অ্যাকসেস প্রদান করলে কেবলমাত্র section 75 এর অধীনে রিটার্ন দাখিল ব্যতীত তার অন্যকোন রিপোর্টিং বাধ্যবাধকতা থাকবে না।

ঙ। কোন স্টার্টআপকে স্যান্ডবক্সের সুবিধা গ্রহণ করতে হলে জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধিত হতে হবে।

চ। নিম্নোক্ত ক্ষেত্রসমূহে কোন স্টার্টআপ নিবন্ধনের উপযুক্ত হবেনা-

অ। যদি ১ জুলাই, ২০১৭ এর পূর্বে নিগমিত (incorporated) হয়; অথবা

আ। ১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন ২০২২ এর মধ্যে নিগমিত এবং ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধিত (registered) হতে ব্যর্থ; অথবা

ই। ১ জুলাই ২০২২ এর পর নিগমিত এবং নিগমিত হবার বছরের পরের বছরের ৩০ জুন তারিখের মধ্যে এই ধারার অধীনে নিবন্ধিত হতে ব্যর্থ হয়।

ছ। এই ধারার উদ্দেশ্যে-

অ। গ্রোথবর্ষ (growth years) অর্থ-

- (i) ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২২ এর মধ্যে নিগমিত (incorporated) ও ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধিত স্টার্টআপের জন্য ১ জুলাই, ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত তিন বছর।

(ii) ১ জুলাই ২০২২ তারিখে বা উক্ত তারিখের পরে নিগমিত এবং নিগমিত হওয়ার পরের বছরের ৩০ জুন তারিখের মধ্যে এই ধারার অধীনে নিবন্ধিত স্টার্টআপের জন্য নিগমিত হওয়ার বছরের শেষ হতে পরবর্তী পাঁচ বছর।

আ। উদ্ভাবন (innovation) অর্থ কোন তাৎপর্যপূর্ণ সমস্যা বা সমস্যাগুচ্ছের অভিনব সমাধান প্রদানের মাধ্যমে বা বিদ্যমান সমাধানের উল্লেখযোগ্য উন্নতি সাধনের মাধ্যমে মূল্য সৃষ্টির প্রক্রিয়া।

ই। “স্টার্টআপ” অর্থ এমন কোন কোম্পানি যার বার্ষিক টার্নওভার কোন অর্থ বছরে ১০০ কোটি টাকার উর্ধ্বে নয় এবং যা-

(i) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এর অধীনে নিগমিত (incorporated); এবং

(ii) উদ্ভাবন, উন্নয়ন, প্রযুক্তি বা মেধাসত্ত্ব চালিত নূতন পণ্য, প্রক্রিয়া বা সেবার বিস্তারে বা বাণিজ্যিকীকরণে নিয়োজিত; এবং

(iii) ৫০% বা তার অধিক শেয়ারহোল্ডিংকারী কোন কোম্পানির সাবসিডিয়ারি নয়; এবং

(iv) অ্যামালগ্যামেশন বা ডিমার্জার স্কিমের অধীনে সৃষ্ট কোন কোম্পানি নয়।

এখানে উল্লেখ্য, স্টার্টআপ কোম্পানিকে আবশ্যিকভাবে বাংলাদেশে নিগমিত কোম্পানি হতে হবে। স্টার্টআপের এমন কোন হোল্ডিং কোম্পানি থাকা যাবে না যা স্টার্টআপের ৫০% বা ততোধিক শতাংশের বেশি শেয়ার ধারণ করে। এছাড়াও স্টার্টআপ কোনভাবে কোন প্রকার অ্যামালগ্যামেশন বা ডিমার্জার স্কিমের অধীনে সৃষ্ট কোন কোম্পানি হতে পারবে না।

স্টার্টআপ কোম্পানিকে উদ্ভাবন, উন্নয়ন, প্রযুক্তি বা মেধাসত্ত্ব চালিত নূতন পণ্য, প্রক্রিয়া বা সেবার বিস্তারে বা বাণিজ্যিকীকরণে নিয়োজিত হতে হবে। এখানে উদ্ভাবন বলতে কোন তাৎপর্যপূর্ণ সমস্যা বা সমস্যাগুচ্ছের অভিনব সমাধান প্রদানের মাধ্যমে বা বিদ্যমান সমাধানের উল্লেখযোগ্য উন্নতি সাধনের মাধ্যমে মূল্য সৃষ্টির প্রক্রিয়াকে বুঝাবে।

স্টার্টআপকে এই অধ্যায়ের অধীনে সুবিধা নিতে হলে নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধিত হতে হবে।

৩৮। section 117A প্রতিস্থাপন- উৎসে কর কর্তন/সংগ্রহ ভেরিফিকেশন ও এনফোর্সমেন্ট

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 117A এর প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধানানুসারে কর কমিশনার বা মহাপরিচালক, কর পরিদর্শন বা মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ উৎসে কর

কর্তন বা সংগ্রহ যাচাইয়ের লক্ষ্যে বা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সপ্তম অধ্যায়ের বিধানাবলির এনফোর্সমেন্টের উদ্দেশ্যে-

ক। যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের-

অ। আঞ্জিনা, স্থান, পণ্য, হিসাব বহি এবং যেকোন প্রকারে বা পদ্ধতিতে রক্ষিত অর্থনৈতিক কর্মকান্ডের রেকর্ডে পূর্ণাঙ্গ ও নির্বিঘ্ন প্রবেশাধিকার থাকবে;

আ। কম্পিউটারে রক্ষিত বা লভ্য (available) কোন এনক্রিপ্টেড উপাত্তকে পাঠযোগ্য ও বোধগম্য বিন্যাসে (format) বা পাঠে (text) আনস্ক্যানমবল বা রিট্রান্সফরম করার ক্ষমতা সম্পন্ন যেকোন তথ্য, কোড বা প্রযুক্তিতে প্রবেশাধিকার থাকবে;

ই। ইলেক্ট্রনিক রেকর্ডে বা সিস্টেমে সংরক্ষিত উপাত্ত, ইমেজ বা অন্যকোন ইনপুট এক্সট্রাক্ট (extract) করতে পারবে;

ঈ। পাসওয়ার্ড ব্রেক করে সিস্টেমে প্রবেশ করতে পারবে;

উ। কোন তথ্য, হিসাবের বহি, দলিলাদি, ইমেজ বা ইনপুটের কপি বা বিশ্লেষণ করতে পারবে;

ঊ। হিসাব বহি ও অন্যান্য দলিলাদিতে শনাক্ত চিহ্ন বা স্ট্যাম্প ছাপ দিতে পারবে সেগুলোর কপি বা এক্সট্রাক্ট নিতে পারবে;

ঋ। যেকোন হিসাব বহি, দলিলাদি, ইলেক্ট্রনিক রেকর্ড ও সিস্টেম জব্দ করতে এবং নিজেদের দখলে রাখতে পারবে;

এ। কোন ব্যক্তিকে কোন কার্যকলাপ করা বা করা হতে বিরত থাকার নির্দেশ দিতে পারবে;

খ। যেরূপ উপযুক্ত সেরূপ বিশেষজ্ঞ, ভ্যালুয়ার বা ফোর্সেস সাথে করে নিতে পারবে;

এই ধারার অধীনে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ কোন ব্যক্তির প্রাঙ্গণে বা স্থানে প্রবেশ করলে বা প্রবেশের অভিপ্রায় ব্যক্ত করলে যদি কোন প্রকার বাধা, প্রতিবন্ধকতা বা অসহযোগিতার সম্মুখীন হন তবে উক্ত ব্যক্তি অনূর্ধ্ব ৫০ লক্ষ টাকার অর্থদন্ডে দণ্ডিত হবেন।

কোন ব্যক্তি এই ধারার বা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ের বিধানাবলি পরিপালনে ব্যর্থ হলে, উপ-কর কমিশনার ঐ ব্যক্তির প্রদত্ত ব্যাখ্যা লিপিবদ্ধপূর্বক, বা কোনরূপ ব্যাখ্যার অনুপস্থিতিতে একতরফা, কর নির্ধারণ সম্পন্ন করে প্রযোজ্য কর ও জরিমানা আদায় করবেন।

৩৯। section 124 সংশোধন- জরিমানার বিধান

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 124 এর সংশোধন করা হয়েছে। আনীত সংশোধনী মোতাবেক section 124 এর অধীনে section 184C এর বিধান পরিপালনের ব্যর্থতায় জরিমানা আরোপের বিধান বিলোপ করা হয়েছে।

৪০। section 124AA বিলোপ

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 124AA বিলোপ করা হয়েছে।

৪১। section 143 এর সংশোধন- বকেয়া কর আদায়ে বিভিন্ন সেবার সংযোগ বিচ্ছিন্ন বা বন্ধ করা

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 143 এর সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধানানুযায়ী উপ-কর কমিশনার বকেয়া কর আদায়ের লক্ষ্যে করদাতার গ্যাস, বিদ্যুৎ, পানি, বা অন্যান্য সেবার সংযোগ বিচ্ছিন্ন বা বন্ধ করার জন্য সরবরাহের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নির্দেশ দিবেন। গ্যাস, বিদ্যুৎ, পানি, বা অন্যান্য সেবা সরবরাহের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি এই ধারার অধীনে নোটিশ প্রাপ্তির ২১ দিনের মধ্যে উক্ত সেবাসমূহের সংযোগ বিচ্ছিন্ন বা বন্ধ করে দিবেন। অন্যথায় দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নিজে খেলাপী করদাতা হিসেবে গণ্য হবেন এবং বকেয়া দাবী পরিশোধের জন্য ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

এখানে উল্লেখ্য, এই ধারার অধীনে কার্যক্রম গ্রহণের পূর্বে উপ-কর কমিশনার সর্বোচ্চ গুরুত্বের সাথে বকেয়া করদাবী পরীক্ষা করবেন এবং নিম্নোক্ত বিষয়াদি সম্পর্কে নিশ্চিত হবেনঃ

ক। করদাতার নিকট দাবীনামা, করনির্ধারণী আদেশ, কর পরিশোধের তাগাদাপত্র যথাযথভাবে জারী হয়েছে কিনা?

খ। করদাতা করদাবী সম্পর্কে অবগত কিনা?

গ। করদাতা ইতোমধ্যে বকেয়া কর বা বকেয়া করের কোন অংশ পরিশোধ করেছেন কিনা?

ঘ। করদাবীর বিপরীতে কোন ফোরামে কোন প্রকার আপিল বা বিরোধ চলমান রয়েছে কিনা?

ঙ। করদাতার আপিলের সুযোগ রয়েছে কিনা?

চ। করদাতার প্রদত্ত ঠিকানা সঠিক রয়েছে কিনা?

করদাতার সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের মাধ্যমে উল্লিখিত বিষয়াদি পরীক্ষান্তে এই ধারার কার্যক্রম গ্রহণের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪২। section 152I সংশোধন- রিটের বিষয়ে এডিআর নয়

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 152I সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধানানুযায়ী কোন বিরোধ নিয়ে রিট দায়ের হলে উক্ত বিরোধীয় বিষয়

এডিআর এর বিষয়বস্তু হবেনা। অর্থাৎ রিট পিটিশন সংশ্লিষ্ট বিরোধীয় বিষয় নিয়ে এডিআর হবেনা।

৪৩। section 184A এর প্রতিস্থাপন- Proof of submission of return (PSR)

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 184A এর প্রতিস্থাপন করা হয়েছে।

৪৩.১ Proof of submission of return বা PSR কী?

প্রতিস্থাপিত বিধানানুসারে, একজন ব্যক্তিকে কতিপয় ক্ষেত্রে Proof of submission of return বা PSR দাখিল করতে হবে। Proof of submission of return বা PSR বলতে বুঝাবে-

- ক। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্র; বা
- খ। করদাতার নাম, টিআইএন বা করবর্ষ সংবলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট; বা
- গ। করদাতার নাম, টিআইএন বা করবর্ষ সংবলিত উপ-কর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র

৪৩.২ যেসকল ক্ষেত্রে PSR বা Proof of submission of return দাখিল করতে হবে

১. কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ৫ লক্ষাধিক টাকার ঋণ গ্রহণে;
২. কোন কোম্পানির পরিচালক বা স্পন্সর শেয়ারহোল্ডার হতে হলে;
৩. আমদানি নিবন্ধন সনদ বা রপ্তানি নিবন্ধন সনদ প্রাপ্তি ও বহাল রাখতে;
৪. সিটি কর্পোরেশন বা পৌরসভা এলাকায় ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন করতে;
৫. সমবায় সমিতির নিবন্ধন পেতে;
৬. সাধারণ বীমার তালিকাভুক্ত সার্ভেয়ার হতে এবং লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন করতে;
৭. সিটি কর্পোরেশন, জেলা সদরের পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় ১০ লক্ষাধিক টাকার জমি, বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট বিক্রয় বা হস্তান্তর বা বায়নানা মা বা আমমোক্তারনামা নিবন্ধন করতে;
৮. ক্রেডিট কার্ড প্রাপ্তি ও বহাল রাখতে;
৯. চিকিৎসক, দত্ত চিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্টেন্ট, কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, প্রকৌশলী, স্থপতি অথবা সার্ভেয়ার হিসেবে বা সমজাতীয় পেশাজীবী হিসেবে কোন স্বীকৃত পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে;

১০. The Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (LII of 1974) এর অধীনে নিকাহ রেজিস্ট্রার হিসেবে লাইসেন্স প্রাপ্তি ও বহাল রাখতে;
১১. ট্রেডবডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে;
১২. ড্রাগ লাইসেন্স, ফায়ার লাইসেন্স, পরিবেশ ছাড়পত্র, বিএসটিআই লাইসেন্স ও ছাড়পত্র প্রাপ্তি ও নবায়নে;
১৩. যেকোন এলাকায় গ্যাসের বাণিজ্যিক ও শিল্প সংযোগ প্রাপ্তি ও বহাল রাখতে এবং সিটি কর্পোরেশন এলাকায় আবাসিক গ্যাস সংযোগ প্রাপ্তি এবং বহাল রাখতে;
১৪. লঞ্চ, স্টিমার, মাছ ধরার ট্রলার, কার্গো, কোস্টার, কার্গো ও ডাম্ব বার্জসহ যেকোন প্রকারের ভাড়াই চালিত নৌযানের সার্ভে সার্টিফিকেট প্রাপ্তি ও বহাল রাখতে;
১৫. পরিবেশ অধিদপ্তর বা জেলা প্রশাসকের কার্যালয় হতে ইট উৎপাদনের অনুমতি প্রাপ্তি ও নবায়নে;
১৬. সিটি কর্পোরেশন, জেলা সদর বা পৌরসভায় অবস্থিত ইংরেজি মাধ্যম স্কুলে শিশু বা পোষ্য ভর্তিতে;
১৭. সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রাপ্তি বা বহাল রাখতে;
১৮. কোম্পানির এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ প্রাপ্তি ও বহাল রাখতে;
১৯. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তি ও বহাল রাখতে;
২০. আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খুলতে;
২১. পাঁচ লক্ষাধিক টাকার পোস্ট অফিস সঞ্চয়ী হিসাব খুলতে;
২২. দশ লক্ষাধিক টাকার ক্রেডিট ব্যালেন্স সম্পন্ন ব্যাংক হিসাব খুলতে ও বহাল রাখতে;
২৩. পাঁচ লক্ষাধিক টাকার সঞ্চয়পত্র ক্রয়ে;
২৪. পৌরসভা, উপজেলা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন বা জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে;
২৫. মোটরযান, স্পেস/স্থান, বাসস্থান অথবা অন্যান্য সম্পদ সরবরাহের মাধ্যমে শেয়ারড ইকোনমিক এন্টিভিটিজে অংশগ্রহণ করতে;
২৬. ব্যবস্থাপনা বা প্রশাসনিক বা উৎপাদন কার্যক্রমের তত্ত্বাবধানকারী পদমর্যাদায় কর্মরত ব্যক্তির বেতন-ভাতাদি প্রাপ্তিতে;

২৭. সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের কর্মচারীর ১৬,০০০ টাকা বা তদুর্ধ্ব পরিমাণ মূল বেতন প্রাপ্তিতে;
২৮. মোবাইল ব্যাংকিং বা ইলেক্ট্রনিক উপায়ে টাকা স্থানান্তরের মাধ্যমে এবং মোবাইল ফোনের হিসাব রিচার্জের মাধ্যমে কমিশন, ফি বা অন্য কোন অর্থ প্রাপ্তির ক্ষেত্রে;
২৯. অ্যাডভাইজরি বা কম্পান্টেন্সি সার্ভিস, ক্যাটারিং সার্ভিস, ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস, জনবল সরবরাহ, নিরাপত্তা সরবরাহ সেবা বাবদ নিবাসী কর্তৃক কোন কোম্পানি হতে কোন অর্থ প্রাপ্তিতে;
৩০. Monthly Payment Order বা এমপিও ভুক্তির মাধ্যমে সরকারের নিকট হতে মাসিক ১৬,০০০ টাকার উর্ধ্বে কোন অর্থপ্রাপ্তিতে;
৩১. বীমা কোম্পানির এজেন্সি সার্টিফিকেট নিবন্ধন বা নবায়নে;
৩২. দ্বি-চক্র বা ত্রি-চক্র মোটরযান ব্যতীত অন্যান্য মোটরযানের নিবন্ধন, মালিকানা পরিবর্তন বা ফিটনেস নবায়নকালে;
৩৩. এনজিও অ্যাফেয়ার্স ব্যুরোতে নিবন্ধিত এনজিও বা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড় করতে;
৩৪. বাংলাদেশে অবস্থিত ভোক্তাদের নিকট ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে পণ্য বা সেবা বিক্রয়ে;
৩৫. কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এবং Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860) এর অধীনে নিবন্ধিত কোন ক্লাবের সদস্যপদ লাভের আবেদনের ক্ষেত্রে;
৩৬. পণ্য সরবরাহ, চুক্তি সম্পাদন বা সেবা সরবরাহের উদ্দেশ্যে নিবাসী কর্তৃক টেন্ডার ডকুমেন্টস্ দাখিলকালে;
৩৭. পণ্য আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে বিল অব এন্ট্রি দাখিলকালে;
৩৮. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ) অথবা সিটি কর্পোরেশন বা পৌরসভার অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুমোদনের নিমিত্ত ভবন নির্মাণের নকশা দাখিলকালে।

৪৩.৩ PSR বা Proof of submission of return দাখিল হতে অব্যাহতি

জাতীয় রাজস্ব বোর্ড সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা কোন ব্যক্তিকে PSR বা Proof of submission of return দাখিল হতে অব্যাহতি দিতে পারবে।

৪৩.৪ PSR বা Proof of submission of return দাখিল ব্যতীত কোন প্রকার সেবা, অনুমতি, লাইসেন্স, ইত্যাদি বন্ধ বা বাতিল

যে সকল ক্ষেত্রে PSR বা Proof of submission of return দাখিল বাধ্যতামূলক সে সকল ক্ষেত্রে কোন নমিনেশন বা আবেদন যাচাই-বাচাই, কোন লাইসেন্স অনুমোদন, সার্টিফিকেট, সদস্যপদ, অনুমতি, ভর্তি, এজেন্সি বা ডিস্ট্রিবিউটরশিপের অনুমোদন, ঋণ অনুমোদন, ক্রেডিট কার্ড ইস্যু, সংযোগ বা অপারেশন অনুমোদন, নিবন্ধন সম্পাদন বা পেমেন্টের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি PSR বা Proof of submission of return দাখিল ব্যতীত কোন প্রকার যাচাই-বাচাই, অনুমোদন, অনুমতি, ইস্যু, ছাড়, সম্পাদন বা পেমেন্ট প্রদান করবেন না। তবে, যেক্ষেত্রে কোন ব্যক্তিকে PSR বা Proof of submission of return দাখিল হতে অব্যাহতি দিয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যয়নপত্র রয়েছে সেক্ষেত্রে এ বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।

৪৩.৫ Verification of PSR বা Proof of submission of return

যে ব্যক্তির নিকট PSR দাখিল করা হয়েছে তিনি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে তার সত্যতা যাচাই করবেন।

www.incometax.gov.bd ওয়েবসাইটে return verify ট্যাব এ ক্লিক করে, করবর্ষ সিলেক্ট করে এবং টিআইএন দিয়ে verify বাটনে ক্লিক করলে ভেরিফিকেশন করা যাবে।

৪৩.৬ PSR দাখিল নিশ্চিতকরণ এবং Verification এর ব্যর্থতায় অর্থদণ্ড

যে সকল ক্ষেত্রে PSR দাখিল বাধ্যতামূলক সে সকল ক্ষেত্রে কোন নমিনেশন বা আবেদন যাচাই-বাচাই, কোন লাইসেন্স অনুমোদন, সার্টিফিকেট, সদস্যপদ, অনুমতি, ভর্তি, এজেন্সি বা ডিস্ট্রিবিউটরশিপের অনুমোদন, ঋণ অনুমোদন, ক্রেডিট কার্ড ইস্যু, সংযোগ বা অপারেশন অনুমোদন, নিবন্ধন সম্পাদন বা পেমেন্টের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি PSR দাখিল নিশ্চিতকরণ এবং দাখিলকৃত PSR এর সত্যতা যাচাইয়ে ব্যর্থ হলে উপ-কর কমিশনার কর্তৃক অনূর্ধ্ব ১০ লক্ষ টাকার অর্থদণ্ডে দণ্ডিত হবে।

৪৩.৭ ব্যতিক্রম

স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্য যেকোন ব্যক্তি যিনি কোন আইন বা আইনী ক্ষমতা রয়েছে এমন কোন দলিলের অধীনে নিগমিত, নিবন্ধিত বা গঠিত তিনি নিম্নোক্ত বছরসমূহে PSR এর পরিবর্তে নাম ও টিআইএন সংবলিত প্রত্যয়নপত্র দাখিল করবেন-

অ। নিগমন, নিবন্ধন বা গঠনের বছর; এবং

আ। নিগমন, নিবন্ধন বা গঠনের বছরের পরের বছর।

PSR বা Proof of submission of return দাখিল ও বাস্তবায়ন

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|--|--|--|
| ১। | ৫ লক্ষাধিক টাকার ঋণ গ্রহণ | ১। বাংলাদেশ ব্যাংক; ২। সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান | ঋণের জন্য আবেদনকালে |
| ২। | কোন কোম্পানির পরিচালক বা স্পন্সর শেয়ারহোল্ডার হতে হলে | ১। RJSC ২। সংশ্লিষ্ট কোম্পানি | পরিচালক হিসেবে অন্তর্ভুক্তিকালে |
| ৩। | আমদানি নিবন্ধন সনদ ও রপ্তানি নিবন্ধন সনদ প্রাপ্তি ও বহাল রাখতে | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১। সনদ প্রদান ও নবায়নকালে ২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ৪। | ট্রেড লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন করতে | ১। সিটি কর্পোরেশন ২। পৌরসভা | ১। ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়নকালে |
| ৫। | সমবায় সমিতির নিবন্ধন | সমবায় অধিদপ্তর | নিবন্ধনকালে |
| ৬। | সাধারণ বীমার সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্তি এবং লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন করতে | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ১। তালিকাভুক্তির সময়; ২। লাইসেন্স প্রাপ্তি ও নবায়নের সময় |
| ৭। | সিটি কর্পোরেশন, জেলা সদরের পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় ১০ লক্ষাধিক টাকার জমি, বিল্ডিং বা অ্যাপার্টমেন্ট | রেজিস্ট্রেশনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | রেজিস্ট্রেশনের সময় |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|---|--|--|
| | বিক্রয় বা হস্তান্তর বা বায়নানা মা বা আমমোক্তারনামা নিবন্ধন | | |
| ৮। | ক্রেডিট কার্ড প্রাপ্তি ও বহাল রাখতে | ব্যাংক | ১। ক্রেডিট কার্ড প্রাপ্তিতে ২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ৯। | চিকিৎসক, দন্ত চিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, প্রকৌশলী, স্থপতি অথবা সার্ভেয়ার হিসেবে বা সমজাতীয় পেশাজীবী হিসেবে কোন স্বীকৃত পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে | ১। বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল ২। আইসিএবি, বাংলাদেশ ৩। আইসিএমএবি, বাংলাদেশ ৪। দ্যা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ারস্ ৫। বাংলাদেশ বার কাউন্সিল ৬। অন্যান্য পেশাজীবী সংগঠন | ১। সনদ প্রাপ্তির আবেদনের সময় ২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ১০। | The Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (LII of 1974) এর অধীনে নিকাহ রেজিস্ট্রার হিসেবে লাইসেন্স প্রাপ্তি ও বহাল রাখতে | নিবন্ধন অধিদপ্তর | ১। লাইসেন্স প্রাপ্তির আবেদনের সময় ২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|---|---|--|
| ১১। | ট্রেডবডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখতে | সকল ট্রেডবডি বা পেশাজীবী সংস্থা | ১। সদস্যপদ প্রাপ্তির আবেদনের সময় ২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ১২। | ড্রাগ লাইসেন্স প্রাপ্তি ও নবায়নে | ঔষধ প্রশাসন অধিদপ্তর | লাইসেন্স প্রাপ্তি ও নবায়নের সময় |
| ১৩। | ফায়ার লাইসেন্স প্রাপ্তি ও নবায়নে | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | লাইসেন্স প্রাপ্তি ও নবায়নের সময় |
| ১৪। | পরিবেশ লাইসেন্স ও ছাড়পত্র প্রাপ্তি ও নবায়নে | পরিবেশ অধিদপ্তর | লাইসেন্স ও ছাড়পত্র প্রাপ্তি ও নবায়নের সময় |
| ১৫। | বিএসটিআই লাইসেন্স ও ছাড়পত্র প্রাপ্তি ও নবায়নে | বিএসটিআই | লাইসেন্স ও ছাড়পত্র প্রাপ্তি ও নবায়নের সময় |
| ১৬। | যেকোন এলাকায় গ্যাসের বাণিজ্যিক ও শিল্প সংযোগ প্রাপ্তি ও বহাল রাখতে এবং সিটি কর্পোরেশন এলাকায় আবাসিক গ্যাস সংযোগ প্রাপ্তি এবং বহাল রাখতে | সকল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি | ১। সংযোগ প্রাপ্তির আবেদনের সময় ২। সংযোগ বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ১৭। | লঞ্চ, স্টিমার, মাছ ধরার ট্রলার, কার্গো, কোস্টার, কার্গো ও ডাম্ব বার্জসহ যেকোন প্রকারের ভাড়ায় চালিত নৌযানের সার্ভে | নৌপরিবহন অধিদপ্তর | ১। সার্ভে সার্টিফিকেট প্রাপ্তির আবেদনের সময় |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|--|---|---|
| | সার্টিফিকেট প্রাপ্তি ও বহাল রাখতে | | ২। সার্টিফিকেট বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ১৮। | ইট উৎপাদনের অনুমতি প্রাপ্তি ও নবায়নে | ১। জেলা প্রশাসকের কার্যালয় ২। পরিবেশ অধিদপ্তর | ইট উৎপাদনের অনুমতি প্রাপ্তি ও লাইসেন্স নবায়নের সময় |
| ১৯। | ইংরেজি মাধ্যম স্কুলে শিশু বা পোষ্য ভর্তিতে | সকল ইংরেজি মাধ্যম স্কুল | স্কুলে শিশু বা পোষ্য ভর্তির সময় |
| ২০। | সিটি কর্পোরেশন বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রাপ্তি বা বহাল রাখতে | বিদ্যুৎ সরবরাহকারী সকল প্রতিষ্ঠান | ১। সংযোগ প্রাপ্তির আবেদনের সময় ২। সংযোগ বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ২১। | কোম্পানির এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ প্রাপ্তি ও বহাল রাখতে | এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ প্রদানকারী সকল কোম্পানি | ১। এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ প্রদানের সময় ২। এজেন্সী বা ডিস্ট্রিবিউটরশিপ বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|---|--------------------------------------|---|
| ২২। | আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তি ও বহাল রাখতে | জেলা প্রশাসকের কার্যালয় | ১। লাইসেন্স প্রাপ্তির সময় ২। লাইসেন্স বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ২৩। | আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খুলতে | ব্যাংক | আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলার সময় |
| ২৪। | পাঁচ লক্ষাধিক টাকার পোস্ট অফিস সঞ্চয়ী হিসাব খুলতে | ডাক বিভাগ | পাঁচ লক্ষাধিক টাকার পোস্ট অফিস সঞ্চয়ী হিসাব খোলার সময় |
| ২৫। | দশ লক্ষাধিক টাকার ক্রেডিট ব্যালেন্স সম্পন্ন ব্যাংক হিসাব খুলতে ও বহাল রাখতে | সকল ব্যাংক | ১। দশ লক্ষাধিক টাকার ক্রেডিট ব্যালেন্স সম্পন্ন ব্যাংক হিসাব খোলার সময় বা হিসাবে ব্যালেন্স দশ লক্ষ টাকা হলে। ২। হিসাব বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ২৬। | পাঁচ লক্ষাধিক টাকার সঞ্চয়পত্র ক্রয়ে | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | পাঁচ লক্ষাধিক টাকার সঞ্চয়পত্র ক্রয়ের সময় |
| ২৭। | পৌরসভা, উপজেলা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন বা | ১। নির্বাচন কমিশন ২। জেলা প্রশাসন | মনোনয়নপত্র দাখিল ও যাচাই-বাছাইকালে |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|---|---|---|
| | জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে | ৩। উপজেলা প্রশাসন | |
| ২৮। | মোটরযান, স্পেস/স্থান, বাসস্থান অথবা অন্যান্য সম্পদ সরবরাহের মাধ্যমে শেয়ারড ইকোনমিক অ্যাক্টিভিটিজে অংশগ্রহণ করতে | শেয়ারড ইকোনমিক অ্যাক্টিভিটিজের প্ল্যাটফর্মস্ বা পি-টু-পি প্ল্যাটফর্মস্ | মোটরযান, স্পেস/স্থান, বাসস্থান অথবা অন্যান্য সম্পদ সরবরাহের সময়। |
| ২৯। | ব্যবস্থাপনা বা প্রশাসনিক বা উৎপাদন কার্যক্রমের তত্ত্বাবধানকারী পদমর্যাদায় কর্মরত ব্যক্তির বেতন-ভাতাদি প্রাপ্তিতে | নিয়োগকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান | বেতনাদি পরিশোধকালে |
| ৩০। | সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের কর্মচারীর ১৬,০০০ টাকা বা তদুর্ধ্ব পরিমাণ মূল বেতন প্রাপ্তিতে | ১। সকল ডিডিও ২। iBAS++ | বেতনাদি পরিশোধকালে |
| ৩১। | মোবাইল ব্যাংকিং বা ইলেক্ট্রনিক উপায়ে টাকা স্থানান্তরের মাধ্যমে এবং মোবাইল ফোনের হিসাব রিচার্জের মাধ্যমে কমিশন, ফি বা অন্যকোন অর্থ প্রাপ্তির ক্ষেত্রে | ১। মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী প্রতিষ্ঠান ২। টেলিকম কোম্পানীসমূহ | মাধ্যমে কমিশন, ফি বা সমজাতীয় অন্যকোন অর্থ পরিশোধকালে |
| ৩২। | অ্যাডভাইজরি বা কন্সালটেন্সি সার্ভিস, ক্যাটারিং সার্ভিস, ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস, জনবল | এ সকল সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান | সেবা গ্রহণ বাবদ অর্থ পরিশোধকালে |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|--|--|--|
| | সরবরাহ, নিরাপত্তা সেবা সরবরাহ বাবদ নিবাসী কর্তৃক কোন কোম্পানি হতে কোন অর্থ প্রাপ্তিতে | | |
| ৩৩। | Monthly Payment Order বা এমপিওভুক্তির মাধ্যমে সরকারের নিকট হতে মাসিক ১৬,০০০ টাকার উর্ধ্বে কোন অর্থ প্রাপ্তিতে | ১। দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ২। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | বেতনাদি পরিশোধকালে |
| ৩৪। | বীমা কোম্পানির এজেন্সি সার্টিফিকেট নিবন্ধন বা নবায়নে | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | এজেন্সি সার্টিফিকেট নিবন্ধন বা নবায়নকালে |
| ৩৫। | দ্বি-চক্র বা ত্রি-চক্র মোটরযান ব্যতীত অন্যান্য মোটরযানের নিবন্ধন, মালিকানা পরিবর্তন বা ফিটনেস নবায়নকালে | বিআরটিসি | মোটরযানের নিবন্ধন, মালিকানা পরিবর্তন বা ফিটনেস নবায়নকালে |
| ৩৬। | এনজিও অ্যাফেয়ার্স ব্যুরোতে নিবন্ধিত এনজিওতে বা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হতে লাইসেন্স প্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থায় বিদেশি অনুদান ছাড়ে | ১। এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো ২। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি | বিদেশি অনুদান ছাড়ের সময় |
| ৩৭। | বাংলাদেশে অবস্থিত ভোক্তাদের নিকট ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে পণ্য বা সেবা বিক্রয়ে | ১। বিটিআরসি ২। বাংলাদেশ ব্যাংক | ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে পণ্য বা সেবা বিক্রয় অনুমোদনে; বা বিদেশী কোন প্রতিষ্ঠানের বরাবরে অর্থ প্রেরণকালে |

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|--------|--|---|---|
| ৩৮। | কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এবং Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860) এর অধীনে নিবন্ধিত কোন ক্লাবের সদস্যপদ লাভের আবেদনের ক্ষেত্রে | সংশ্লিষ্ট ক্লাব | সদস্যপদ লাভের আবেদনের সময় |
| ৩৯। | পণ্য সরবরাহ, চুক্তি সম্পাদন বা সেবা সরবরাহের উদ্দেশ্যে নিবাসী কর্তৃক টেন্ডার ডকুমেন্টস্ দাখিলকালে; | ১। সিপিটিইউ ২। অন্যান্য সকল কোম্পানি বা প্রতিষ্ঠান | টেন্ডার ডকুমেন্টস্ দাখিলকালে |
| ৪০। | পণ্য আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে বিল অব এন্ট্রি দাখিলকালে | ব্যাংক | বিল অব এন্ট্রি দাখিলকালে |
| ৪১। | ভবন নির্মাণের নকশা অনুমোদনে | ১। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ২। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), ৩। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), ৪। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ) অথবা ৫। সিটি কর্পোরেশন বা পৌরসভার অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ | অনুমোদনের নিমিত্ত ভবন নির্মাণের নকশা দাখিলকালে। |

88। section 184C প্রতিস্থাপন- PSR প্রদর্শন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 184C প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত ধারার sub-section (1) এর বিধান মোতাবেক আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 75 অনুযায়ী রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে এমন করদাতা যার ব্যবসা বা পেশা হতে আয় রয়েছে তিনি তার ব্যবসাস্থলে সহজে দৃশ্যমান স্থানে PSR প্রদর্শন করবেন।

sub-section (2) অনুযায়ী, যেক্ষেত্রে করদাতা sub-section (1) এর বিধান পরিপালনে ব্যর্থ হন সেক্ষেত্রে তিনি উপ-কর কমিশনার কর্তৃক অনূন ৫,০০০ টাকা এবং অনূর্ধ্ব ১০,০০০ টাকা পর্যন্ত অর্থদন্ডে দন্ডিত হবেন।

8৫। section 185 সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 185 সংশোধন করা হয়েছে। section 185 এর sub-section (2) এর clause (b) তে উল্লিখিত “the manner” শব্দগুলির পর “,extent and scope” কমা ও শব্দগুলি সন্নিবেশিত হয়েছে। ফলে, জাতীয় রাজস্ব বোর্ড অনিবাসীর কর নির্ধারণের ক্ষেত্রে করের সীমা ও আওতা সম্পর্কিত বিধি-বিধান রুলের মাধ্যমে নির্ধারণ করতে পারবে।

8৬। Second Schedule সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Second Schedule সংশোধন করা হয়েছে। সংশোধনীর মাধ্যমে Second Schedule এর Paragraph 1 বিলুপ্ত করা হয়েছে এবং নূতন Paragraph 4 সংযোজন করা হয়েছে। সংযোজিত Paragraph 4 অনুসারে একজন করদাতার মোট আয়ে section 2 এর clause (26) এ সংজ্ঞায়িত “লভ্যাংশ” বা “Dividend” আয় থাকলে তা-

ক। কোম্পানি করদাতার হাতে ২০% হারে করারোপিত হবে এবং

খ। কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতাদের হাতে মোট আয়ের উপর প্রযোজ্য করহারে করারোপিত হবে।

8৭। Third Schedule সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Third Schedule সংশোধন করা হয়েছে।

৪৭.১ “লিজিং কোম্পানির” পরিবর্তে “ইজারাদাতা (lessor)” প্রতিস্থাপন

বিদ্যমান বিধানানুসারে মেশিনারীজ, প্ল্যান্ট, যানবাহন বা ফার্নিচারের ফাইন্যান্সিয়াল লিজের ক্ষেত্রে কোন লিজিং কোম্পানি Third Schedule এর Paragraph 3 এর অধীনে অবচয় ভাতা প্রাপ্য হত না। আনীত সংশোধন অনুযায়ী মেশিনারীজ, প্ল্যান্ট, যানবাহন বা ফার্নিচারের ফাইন্যান্সিয়াল লিজের ক্ষেত্রে কোন লিজিং কোম্পানিসহ সকল ইজারাদাতা (lessor) Third Schedule এর Paragraph 3 এর অধীনে অবচয় ভাতা প্রাপ্য হবে না।

৪৭.২ প্রাক-প্রারম্ভিক ব্যয়ের (pre-commencement expenditure)

অ্যামোরটাইজেশন

সংশোধনীর মাধ্যমে Third Schedule এর Paragraph 10A এরপর 10B সংযোজিত হয়েছে। সংযোজিত Paragraph 10B অনুযায়ী প্রাক-প্রারম্ভিক ব্যয়ের অ্যামোরটাইজেশনের হার ২০% হবে এবং তা স্ট্রেইট লাইন মেথডে পরিগণনা করতে হবে।

Paragraph 11 এ প্রাক-প্রারম্ভিক ব্যয়ের সংজ্ঞা অন্তর্ভুক্ত করা হয়েছে। “প্রাক-প্রারম্ভিক” ব্যয় বলতে বাণিজ্যিক উৎপাদন শুরুর বৎসরের পূর্ববর্তী বছরসমূহে সম্পূর্ণ ও একান্তভাবে ব্যবসায়ের জন্য নির্বাহকৃত কিন্তু এই তফসিলের Paragraph 1 হতে Paragraph 10A এর আওতায় অনুমোদিত নয় এরূপ সকল ব্যয়কে বুঝাবে এবং ব্যবসায়ের সম্ভাব্যতা যাচাই, মডেল বা প্রটোটাইপ নির্মাণ ও পরীক্ষামূলক উৎপাদনের ব্যয়সমূহ এর অন্তর্ভুক্ত হবে।

৪৮। Six Schedule , Part A সংশোধন

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Six Schedule , Part A সংশোধন করা হয়েছে।

সংশোধনীর মাধ্যমে Six Schedule এর Paragraph 28, 34 এবং 42 বিলুপ্ত করা হয়েছে।

Paragraph 60 এরপর নূতন Paragraph 61 সংযোজন করা হয়েছে। সংশোধিত বিধানানুযায়ী, ১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০৩০ তারিখের মধ্যে কোন Ocean going ship being Bangladeshi flag carrier কর্তৃক অর্জিত ব্যবসায় আয় ফরেন রেমিট্যান্স সংক্রান্ত বিধানাবলি অনুসরণ করে বাংলাদেশে আনীত হলে তা কর অব্যাহতি প্রাপ্ত আয় হিসেবে গণ্য হবে।

এখানে উল্লেখ্য, উল্লেখিত অর্থ হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 52Q বা 53AA এর অধীনে কোনপ্রকার উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

এ পরিপত্রে অন্য কিছু সুনির্দিষ্টভাবে বলা না থাকলে অধ্যায় বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর chapter, ধারা বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section, উপধারা বলতে sub-section বিধি বলতে আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rule এবং Board বলতে জাতীয় রাজস্ব বোর্ড কে বুঝাবে।

২০২২-২০২৩ সালের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনী/পরিবর্তন এবং নূতন জারীকৃত প্রজ্ঞাপনসমূহ স্পষ্টীকরণের উদ্দেশ্যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 185A অনুসারে এ পরিপত্র জারী করা হলো।

এ পরিপত্রের কোনো বক্তব্য বা উপস্থাপনা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অথবা আয়কর বিধিমালা, ১৯৮৪ অথবা জারীকৃত প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক হলে বা কোনো মুদ্রণজনিত ত্রুটির কারণে কোনোরূপ অস্পষ্টতা দেখা দিলে অর্থ আইন, ২০২২, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং মূল প্রজ্ঞাপনসমূহের ভাষ্য প্রাধান্য পাবে।

(মোঃ শহীদুল ইসলাম)

প্রথম সচিব (করনীতি)

পরিশিষ্ট

পারিশিষ্ট ১

অর্থ আইন, ২০২২

৫৪। আয়কর।—

- (১) উপ-ধারা (৩) এর বিধানাবলি সাপেক্ষে, ২০২২ সালের ১ জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোনো কর নির্ধারণের ক্ষেত্রে এই আইনের তফসিল-২ এর প্রথম অংশে নির্দিষ্ট করহার অনুযায়ী আয়কর ধার্য হইবে।
- (২) যে সকল ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর SECOND SCHEDULE (লটারি আয় সংক্রান্ত) প্রযোজ্য হইবে, সেই সকল ক্ষেত্রে আরোপযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।
- (৩) Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্ত তফসিল-২ এ (আয়কর হার সংক্রান্ত) বর্ণিত হার ২০২২ সালের ১ জুলাই তারিখে আরদ্ধ এবং ২০২৩ সালের ৩০ জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।
- (৪) এই ধারায় এবং এই ধারার অধীন আরোপিত আয়কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত “মোট আয় (total income)” অর্থ Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত মোট আয় (total income)।
- (৫) কোনো স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা এনজিওতে সেবা গ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিগণের সেবাস্থলে গম্যতার ক্ষেত্রে এবং সেবা প্রদানে দেশে বলবৎ আইনি বিধান অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা না রাখিলে ২০২২ সালের ১ জুলাই তারিখে আরদ্ধ কর বৎসর হইতে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য করের ৫% (পাঁচ শতাংশ) অতিরিক্ত কর ধার্য করা হইবে।
- (৬) কোনো করদাতা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবলের অন্যান্য ১০% (দশ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ) জনের অধিক কর্মচারী প্রতিবন্ধী ব্যক্তিগণের মধ্য হইতে নিয়োগ করিলে উক্ত করদাতাকে প্রদেয় করের ৫% (পাঁচ শতাংশ) অথবা প্রতিবন্ধী ব্যক্তি-কর্মচারীগণের পরিশোধিত মোট বেতনের ৭৫% (পঁচাত্তর শতাংশ), যাহা কম, কর রেয়াত প্রদান করা হইবে।

(৭) কোনো করদাতা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবলের ১০% (দশ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ) জনের অধিক কর্মচারী তৃতীয় লিঙ্গের ব্যক্তিগণের মধ্য হইতে হইতে নিয়োগ করিলে উক্ত করদাতাকে প্রদেয় করের ৫% (পাঁচ শতাংশ) অথবা তৃতীয় লিঙ্গের কর্মচারীগণের পরিশোধিত মোট বেতনের ৭৫% (পঁচাত্তর শতাংশ), যাহা কম, কর রেয়াত প্রদান করা হইবে।

৫৫। সারচার্জ।—

Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর আওতায় ২০২২ সালের ১ জুলাই হইতে আরদ্ধ কর বৎসরের জন্য কোনো কর নির্ধারণের ক্ষেত্রে তফসিল-২ এর দ্বিতীয় অংশে নির্দিষ্ট হার অনুযায়ী সারচার্জ ধার্য হইবে।

তফসিল-২
প্রথম অংশ
(অর্থ আইন, ২০২২ এর ধারা ৫৩ দ্রষ্টব্য)

১ জুলাই, ২০২২ তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য আয়করের হার

অনুচ্ছেদ-ক

Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে অনিবাসী বাংলাদেশীসহ সকল স্বাভাবিক ব্যক্তি (individual), হিন্দু অবিভক্ত পরিবার ও অংশীদারি ফার্মের ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| মোট আয় | হার |
|--|-------|
| (ক) প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | শূন্য |
| (খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ৫% |
| (গ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% |
| (ঘ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১৫% |

| | | |
|---|-----|---|
| (ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২০% | : |
| (চ) অবশিষ্ট মোট আয়ের উপর -- | ২৫% | |

তবে শর্ত থাকে যে,-

- (ক) তৃতীয় লিঞ্জের করদাতা, মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,৫০,০০০/- টাকা;
- (খ) প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৫০,০০০/- টাকা;
- (গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৭৫,০০০/- টাকা;
- (ঘ) কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকার অধিক হইবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করিবেন;
- (ঙ) ন্যূনতম করের পরিমাণ কোনো ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না, যথা:-

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|----------------------------|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

- (চ) কোনো করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা :-

| | বিবরণ | রেয়াতের হার |
|-----|---|---|
| (অ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%; |
| (আ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয় | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%। |
| (জ) | বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ সকল করদাতার জন্য এই অনুচ্ছেদ প্রযোজ্য হইবে না; | |

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে-

- (১) প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) বলিতে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ধারা ৩১ মোতাবেক প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত ব্যক্তিকে বুঝাইবে; এবং
- (২) “সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)” বা “স্বল্প উন্নত এলাকা (less developed area)” অর্থ Income tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 45 এর sub-section (2A) এর clauses (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

অনুচ্ছেদ-খ

কোম্পানি, ব্যক্তি-সংঘ, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তি এবং অন্যান্য আইনসভা যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-ক প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক করদাতা, যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) অনুযায়ী আয়কর আরোপিত হয়-

(১) “যে কোম্পানির রেজিস্ট্রিকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানি হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য” সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ), (গ), (ঘ) এবং (ঙ) তে বর্ণিত কোম্পানিসমূহের ক্ষেত্র ব্যতীত-

(অ) এইরূপ প্রত্যেকটি publicly traded company কোম্পানির যাহাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হইয়াছে তাহাদের ক্ষেত্রে- উক্ত আয়ের ২০% : তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২২.৫% হইবে;

(আ) এইরূপ প্রত্যেকটি publicly traded company কোম্পানির যাহাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে উক্ত আয়ের ২২.৫% : তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল

| | | |
|-----|--|---|
| | হস্তান্তরিত হইয়াছে তাহাদের ক্ষেত্রে- | প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২৫% হইবে; |
| (ই) | এক ব্যক্তি কোম্পানির ক্ষেত্রে | উক্ত আয়ের ২২.৫%; তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২৫% হইবে; |
| (ঈ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং Income tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2 এর clause (20) এর আওতাধীন অন্যান্য কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ২৭.৫% : তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত |

| | | |
|-----|---|-------------------------------|
| | | করহার উক্ত আয়ের ৩০% হইবে; |
| (খ) | ব্যাংক, বীমা প্রতিষ্ঠান ওআর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত): | |
| (অ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company- | উক্ত আয়ের ৩৭.৫% ; |
| (আ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে: | উক্ত আয়ের ৪০% ; |
| (গ) | মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে- | উক্ত আয়ের ৩৭.৫% ; |
| (ঘ) | সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ৪৫% ; |
| (ঙ) | মোবাইল ফোন অপারেটর কোম্পানির ক্ষেত্রে - | উক্ত আয়ের ৪৫% : |

তবে শর্ত থাকে যে,
মোবাইল ফোন অপারেটর
কোম্পানি যদি উহার
পরিশোধিত মূলধনের
ন্যূনতম ১০% শেয়ার,
যাহার মধ্যে Pre
Initial Public
Offering
Placement ৫% এর
অধিক থাকিতে পারিবে
না, স্টক এক্সচেঞ্জের
মাধ্যমে হস্তান্তর করতঃ
Publicly traded
company তে

রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে
করের হার হইবে ৪০%:

আরও শর্ত থাকে যে, যদি
এইরূপ কোম্পানি উহার
পরিশোধিত মূলধনের
ন্যূনতম ২০% শেয়ার
Initial Public
Offering (IPO) এর
মাধ্যমে হস্তান্তর করে,
তাহা হইলে এইরূপ
কোম্পানি উক্ত হস্তান্তর
সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য
আয়করের উপর ১০%
হারে আয়কর রেয়াত লাভ
করিবে;

(২) কোম্পানি এবং ব্যক্তি-সংঘ নহে, বাংলাদেশে অনিবাসী
(অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ অন্যান্য সকল
করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-

উক্ত আয়ের ৩০%;

(৩) কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার
তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত
ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর-

উক্ত আয়ের ৪৫%;

(৪) কোম্পানি নহে, ব্যক্তি-সংঘ, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তি
এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার ক্ষেত্রে আয়ের উপর
প্রযোজ্য কর-

উক্ত আয়ের ২৭.৫%;

তবে শর্ত থাকে যে, সকল
প্রকার আয় ও প্রাপ্তি এবং
প্রত্যেক একক লেনদেনে
পাঁচ লক্ষ টাকার অধিক ও
বার্ষিক সর্বমোট ছত্রিশ
লক্ষ টাকার উর্ধ্বে সকল
প্রকার ব্যয় ও বিনিয়োগ

ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে।

- (৫) সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- উক্ত আয়ের ১৫%;
- (৬) বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর- উক্ত আয়ের ১৫%:

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে “publicly traded company” বলিতে এইরূপ কোনো পাবলিক লিমিটেড কোম্পানিকে বুঝাইবে যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসর সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানিটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইয়াছে।

দ্বিতীয় অংশ
(অর্থ আইন, ২০২২ এর ধারা ৫৪ দ্রষ্টব্য)
সারচার্জের হার

অনুচ্ছেদ ক

স্বাভাবিক ব্যক্তি করদাতা (assessee being individual) এর ক্ষেত্রে, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শনযোগ্য নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, এই অনুচ্ছেদ এর অধীন সারচার্জ পরিগণনার পূর্বে নির্ধারিত প্রদেয় করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

| সম্পদ | সারচার্জের হার |
|--|----------------|
| (ক) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে; বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে- | ২০% |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নহে- | ৩০% |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হলে- | ৩৫% |

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে-

- (১) “নীট পরিসম্পদের মূল্যমান” বলতে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) বুঝাইবে; এবং
- (২) “মোটরগাড়ি” বলিতে প্রাইভেট কার, জীপ বা মাইক্রোবাস বুঝাইবে।

অনুচ্ছেদ খ

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হইবে।

পারিশিষ্ট ২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং ১৫৬-আইন/আয়কর/২০২২।— Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 185, section 18 এর sub-section (2) এর clause (c) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়নের প্রস্তাব করিয়া এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা:-

“The Offshore Indirect Transfer Rules, 2022

- 1. Short title.-** These rules may be called the Offshore Indirect Transfer Rules, 2022
- 2. Definition.-** In these rules, unless there is anything repugnant in the subject or context-
 - (a) “accountant” means an accountant referred to clauses (17) and (22) of section 2 of the Income-tax Ordinance, 1984 and includes any valuer recognized for undertaking similar valuation by the Government of the country where a foreign

company registered with or incorporated in any of its agencies, who has professional experience of not less than ten years.

- (b) "balance sheet" means,-
- (i) in relation to a Bangladeshi company, means the balance sheet of such company (including the notes annexed thereto and forming part of the accounts) as drawn up on the specified date which has been audited by the auditor of the company appointed under the laws relating to companies in force; and
 - (ii) in any other case, means the balance sheet of the company (including the notes annexed thereto and forming part of the accounts) as drawn up on the specified date and submitted to the relevant authority outside Bangladesh under the laws in force of the country in which the foreign company is registered or incorporated:

Provide that where the balance sheet as on the specified date is not drawn up, pending finalization of accounts, as mentioned in clauses (i) and (ii), the balance sheet shall mean an interim balance sheet drawn up as on the specified date and approved by the

board of directors of the company or an equivalent body in case of any other entity;

- (c) “book value of the liabilities” means the value of liabilities as shown in the balance sheet of the company as the case may be, excluding the paid-up capital in respect of equity shares or members' interest and the general reserves and surplus and security premium related to the paid up capital;
- (d) “company” shall have the same meaning as defined in clause 20 of section 2 of the Ordinance;
- (e) “constituent entity” shall have the meaning as-
 - (i) any separate entity of an international group that is included in the consolidated financial statement of the said for financial reporting purpose, or may be so included for the said purpose, if the equity share of any entity of the international group were to be listed on a stock exchange;
 - (ii) any such entity that is excluded from the consolidated financial statement of the international group solely on the basis of size or materiality; or
 - (iii) any permanent establishment or any separate business entity of the international group included in sub-clause (i) or sub-clause (ii), if such business unit prepares a separate financial statement for such permanent

- establishment for financial reporting, regulatory, tax reporting or internal management control purposes;
- (f) “group” includes a parent entity and all the entities in respect of which, for the reason of ownership or control, a consolidated financial statement for financial reporting purposes-
- (i) is required to be prepared under any law for the time being in force or the accounting standards of the country or territory of which the parent entity is resident; or
 - (ii) would have been required to be prepared had the equity shares of any of the enterprise were listed on a stock exchange in the country or territory of which the parent entity is resident;
- (g) “immediate holding company” means the company that directly maintains the controlling interest in the Bangladeshi concern;
- (h) “intermediate holding company” means a company that has controlling interest in another company and is itself controlled by, or is subsidiary of, another company;
- (i) "merchant banker" shall mean merchant banker registered with Bangladesh Securities and Exchange Commission;
- (j) “observable price” in respect of share quoted on a stock exchange shall be the higher of the following:-

- (i) the average of the weekly high and low of the closing prices of the shares quoted on the said stock exchange during the six months period preceding the specified date;
- (ii) the average of the weekly high and low of the closing prices of the shares quoted on the said stock exchange during the two weeks preceding the specified date:

Provided that where, on the specified date, the share is listed on more than one recognized stock exchange, the observable price of the share shall be computed with reference to the stock exchange which records the highest volume of trading in the share during the period considered for determining the price.

- (k) "Ordinance" means the Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984);
- (l) "recognized stock exchange" means stock exchange registered under section 4 of the Securities and Exchange Ordinance, 1969;
- (m) "right of management or control" shall include the right to appoint majority of the directors or to control the management or policy decision exercisable by a person or persons acting individually or in concert, directly or indirectly, including by virtue of shareholding or management rights or shareholders agreements or voting agreements on in any other manner;

- (n) “share” includes an interest in partnership firm or any other entity;
- (o) “specified date” means-
 - (i) the date on which the accounting period of the company ends preceding the date of transfer of a share;
or
 - (ii) the date of transfer, where the book value of the assets of the company, on the date of transfer, exceeds the book value of the assets as on the date referred to in sub-clause (i), by fifteen percent;
- (p) “ultimate holding company” means a company that has ultimate control of the Bangladeshi concern directly or indirectly and such company is not itself controlled by, or is subsidiary of, any other company;
- (q) “Value” means fair market value as calculated in the manner prescribed in this rule.

3. Computation of fair market value of assets of Bangladeshi

Company.- (1) Where the asset is a share of a Bangladeshi company listed on a recognized stock exchange on the specified date, the fair market value of the share shall be the observable price of such share on the stock exchange.

(2) Where the asset is a share of a Bangladeshi company listed on a recognized stock exchange and the share is held as part

of the shareholding which confers, directly or indirectly, any right of management or control in relation to the aforesaid company, the fair market value of the share shall be determined in accordance with the following $(A+B)/C$ formula, where-

A= the market capitalization of the company on the basis of observable price of its shares quoted on the recognized stock exchange;

B= the book value of liabilities of the company as on the specified date;

C= the total number of outstanding shares.

(3) Where the asset is share of a Bangladeshi company not listed on a recognized stock exchange on the specified date, the fair market value of the share shall be its fair market value on such date as determined by a merchant banker or an accountant in accordance with any internationally accepted valuation methodology for valuation of shares on arm's length basis as increased by the liability, if any, considered in such determination.

(4) The fair market value of the asset other than those referred to in sub-rules (1), (2) and (3) shall be the price it would fetch if sold in the open market on the specified date as determined by a merchant banker or an accountant as increased as

increased by the liability, if any, considered in such determination.

- (5) For determining the fair market value of any asset situated in Bangladesh, being a share of a Bangladeshi company, all the assets and business operations of the said shall be taken into account irrespective of whether the assets or business operations are situated in Bangladesh or outside.

4. Computation of fair market value of assets of foreign Company.-

(1) Where share of the foreign company is listed on a stock exchange on the specified date, the fair market value of all the assets owned by the foreign company shall be determined in accordance with the following A+B formula, where:

A= Market capitalization of the foreign company computed on the basis of the observable price of the share on the stock exchange where the share of the foreign company is listed;

B= book value of the liabilities of the company as on the specified date.

(2) Where the share in the foreign company is not listed on a stock exchange on the specified date, the value of all the assets owned by the foreign company shall be determined in accordance with the following A+B formula, where:

A= fair market value of the foreign company as on the specified date as determined by a merchant banker or an accountant as per the internationally accepted valuation methodology;

B= value of liabilities of the company if any, considered for the determination of fair market value in A.

5. Determination of Income attributable to assets in Bangladesh.-

(1) The income from transfer outside Bangladesh of a share of a company referred to in clause (c) of explanation of subsection 2 of section 18 of the Ordinance, attributable to assets situated in Bangladesh, shall be determined in accordance with the following $D \times (E/F)$ formula, where:

D= Income from the transfer of the share of the company computed in accordance with the provisions of the Ordinance, as if, such share is situated in Bangladesh;

E= Fair Market Value of assets situated in Bangladesh as on the specified date, from which the share referred to in clause (c) of explanation of subsection (2) of section 18 of the Ordinance, derives its value, computed in accordance with rule 3;

F= Fair Market Value of all the assets of the company as on the specified date, computed in accordance with rule 4.

- (2) Where the transferor of the share of the company fails to provide the information required for the application of the aforesaid formula then the income from the transfer of such share or interest attributable to the assets situated in Bangladesh shall be determined in such manner as the Deputy Commissioner of Taxes may deem fit.
- (3) The transferor of the share of a company that derives its value from assets situated in Bangladesh, shall furnish along with the return of income a report in the form No. OIT-1 duly signed and verified by an accountant providing the basis of the apportionment in accordance with the formula and certifying that the income attributable to assets situated in Bangladesh has been correctly computed.

6. De minimis threshold.- The asset being the share referred in clause (c) of explanation of subsection (2) of section 18 of the Ordinance shall be deemed to derive, directly or indirectly, its value from the assets in Bangladesh, if, on the specified date, the value of such asset-

- (i) exceeds Taka fifteen crore; and
- (ii) represents at least fifty percent of the value of all the assets owned by the foreign company that directly holds the asset being share in Bangladesh.

7. Exemption from offshore indirect transfer.- (1) No income shall be deemed to accrue or arise to a non-resident from transfer, outside Bangladesh, of share of -

- (a) A, if the transferor (whether individually or along with its associated enterprises), at any time preceding the specified date, does not hold in A-
 - (i) right of management or control; or
 - (ii) the voting power exceeding 5% of the total voting power; or
 - (iii) share capital exceeding 5% of the total share capital; or
- (b) B, if the transferor (whether individually or along with its associated enterprises), at any time preceding the specified date, does not holds the right of management or control in B and through B in A-
 - (i) the right of management or control; or
 - (ii) the voting power exceeding 5% of the total voting power; or
 - (iii) share capital exceeding 5% of the total share capital;

Explanation: In this sub-rule- A means a company registered or incorporated outside Bangladesh and directly owns the assets situated in Bangladesh; and

B means a company registered or incorporated outside Bangladesh and does not directly owns the assets situated in Bangladesh.

(2) No income shall be deemed to accrue or arise to a non-resident from the redemption of shares, bonds, debentures or other redeemable shares outside Bangladesh by foreign investment funds including private equity funds and venture capital funds.

8. Arrangement to avoid tax.- Where involving transfer of share in a foreign company, arrangement has been made in such a manner that the tax payable in Bangladesh would be avoided consequentially, the Deputy Commissioner of Taxes shall not take into consideration such arrangements and shall proceed to recover the amount of tax due as if no such arrangement has been made.

9. Information or documents to be furnished.- (1) Where any share of a company registered or incorporated outside Bangladesh derives its value from assets in Bangladesh as referred to in clause (c) of explanation of subsection (2) of section 18 of the Ordinance, the Bangladeshi concern that holds such assets in Bangladesh shall, for the purpose of the Rule, maintain and furnish the information and documents in accordance with this rule.

(2) The information shall be furnished in Form OIT-2, within ninety days of such transfer, to the Deputy Commissioner of Taxes having jurisdiction over the Bangladeshi

concern along with its return of income applicable for the income year in which any transfer of the share of a company incorporated outside Bangladesh (hereafter referred to as “foreign company”) referred to in Explanation (c) to clause (2) of section 18 of the Ordinance has taken place.

(3) The Bangladeshi concern shall maintain the following along with its English translation, if the documents originally prepared are in foreign languages and produce the same when called upon to do so by any income-tax authority in the course of any proceeding to substantiate the information furnished under sub-rule (2), namely:-

- (i) details of the immediate holding company, intermediate holding company or companies or entity or entities and ultimate holding company of the Bangladeshi concern;
- (ii) details of other entities in Bangladesh of the group of which the Bangladeshi concern is a constituent;
- (iii) the holding structure of the shares of the foreign company before and after the transfer;
- (iv) any transfer contract or agreement entered into in respect of the share of, any foreign company that holds any asset in Bangladesh through, or in, the Bangladeshi concern;

- (v) financial and accounting statement of the foreign company which directly or indirectly holds the assets in Bangladesh through, or in, the Bangladeshi concern for two years prior to the specified date of the share;
- (vi) information relating to the decision or implementation process of the overall arrangement of the transfer;
- (vii) information in respect of the foreign company and its subsidiaries, relating to,-
 - (a) the business operation;
 - (b) personnel;
 - (c) finance and properties;
 - (d) internal and external audit or the valuation report, if any, forming basis of the consideration in respect of share;
- (viii) the asset valuation report and other supporting evidence to determine the place of location of the share being transferred;
